রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১২, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন
ঢাকা, ১২ই জুন, ১৯৯১ইং/২৮শে জ্যৈষ্ঠ ১৩৯৮বাং

এস আর ও নং ১৭৮—আইন/৯১/৩—মূসক।—মূল্য সংযোজন কর অধ্যাদেশ, ১৯৯১ (অধ্যাদেশ নং ২৬, ১৯৯১) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

## মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১

১। সংক্ষিপ্ত শিরনামা।— এই বিধিমালা মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "অধ্যাদেশ" অর্থ মূল্য সংযোজন কর অধ্যাদেশ, ১৯৯১ (অধ্যাদেশ নং ২৬, ১৯৯১);

(খ) "কর" অর্থ সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার ক্ষেত্রে প্রদেয় মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক এবং ইহা অধ্যাদেশের ধারা ১৩ তে বর্ণিত ক্ষেত্রসমূহে উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, আমদানি শুল্ক, আবগারী শুল্ক ও অন্যান্য সকল প্রকার শুল্ক ও কর (আগাম আয়কর ব্যতীত) অর্ন্তভুক্ত করিবে;

(গ) "নিবন্ধনপত্র" অর্থ বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অধ্যাদেশের ধারা ১৫ এর অধীন নিবন্ধিত ব্যক্তিকে প্রদত্ত নিবন্ধনপত্র;

(ঘ) "নিবন্ধিত ব্যক্তি" অর্থ অধ্যাদেশের ধারা ১৫ এর আওতায় নিবন্ধিত ব্যক্তি;

(ঙ) "প্রতিষ্ঠিত রপ্তানিকারক" অর্থ এমন কোন রপ্তানিকারক যাহাকে, তাহার বিগত বারো মাস সময়ে রপ্তানির ও রপ্তানি রেয়াত গ্রহণের উল্লেখযোগ্য রেকর্ডের ভিত্তিতে প্রতিষ্ঠিত রপ্তানিকারক হিসাবে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর কর্তৃক স্বীকৃতি প্রদান করা হইয়াছে;

(চ) "ফর্ম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত যে কোন ফর্ম;

(ছ) "বিভাগীয় কর্মকর্তা" অর্থ শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ের দায়িত্বে নিয়োজিত উপ-কালেক্টর বা সহকারী কালেক্টর, মূল্য সংযোজন কর;

(জ) "বিল অব এন্ট্রী" অর্থ Customs Act, 1969 (IV of 1969) এর Section 79 এর অধীন দাখিলকৃত বিল অব এন্ট্রী;

(ঝ) "বিল অব এক্সপোর্ট" অর্থ Customs Act, 1969 (IV of 1969) এর Section 131 এর অধীন দাখিলকৃত বিল অব এক্সপোর্ট;

(ঞ) "সুপারিনটেনডেন্ট" অর্থ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের বা সার্কেলের দায়িত্বে নিয়োজিত সুপারিনটেনডেন্ট।



মূল্য ঃ টাকা ৪.৮০

৩। **কর ধার্যের জন্য মূল্য।**— (১) নিবন্ধিত ব্যক্তি তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য সরবরাহ করিতে চাহিলে তাহাকে তৎপূর্বে ফর্ম "মূসক-১" এ উক্তরূপ পণ্য মূল্যের ঘোষণা বিভাগীয় কর্মকর্তার অনুমোদনের জন্য স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পেশ করিতে হইবে এবং বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনুমোদিত মূল্যের ভিত্তিতেই কর প্রদেয় হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী মূল্য ঘোষণাপত্র প্রাপ্তির পর বিভাগীয় কর্মকর্তা, উহার মাধ্যমে ঘোষিত মূল্যকে অধ্যাদেশের ধারা ৫ এর বিধানাবলীর সহিত সঙ্গতিপূর্ণ হওয়া সাপেক্ষে, মূল্য ঘোষণাপত্র প্রাপ্তির সাত দিনের মধ্যে ঘোষণাপত্রের একটি অনুমোদিত অনুলিপি নিবন্ধিত ব্যক্তিকে ফেরত প্রদান করিবেন এবং নিবন্ধিত ব্যক্তি বিভাগীয় কর্মকর্তার নিকট হইতে অন্য কোনরূপে নির্দেশিত না হইলে, উক্তরূপে অনুমোদিত মূল্যের ভিত্তিতে সরবরাহযোগ্য পণ্যের উপর প্রদেয় কর নিরূপণ করিবেন।

(৩) অধ্যাদেশের ধারা ৫ এর উপ-ধারা (৫) অনুযায়ী বাণিজ্য বাটা প্রদানের ক্ষেত্রে নিবন্ধিত ব্যক্তিকে আসল এবং বাণিজ্য বাটা প্রদানের পর যেই মূল্যে পণ্য সরবরাহকৃত হইবে সেই মূল্য এবং যেই মেয়াদের জন্য বাণিজ্য বাটা কার্যকর হইবে সেই মেয়াদ উল্লেখ পূর্বক জাতীয় দৈনিকে বিজ্ঞপ্তি প্রচার করিতে হইবে এবং বাণিজ্য বাটার পরিমাণ প্রকৃত মূল্যের পনের শতাংশের অনধিক হইবে এবং যে কোন বারো মাস সময়ে সর্বোচ্চ তিরিশ দিনের জন্য বাণিজ্য বাটা প্রদান করা যাইবে।

(৪) উপ-বিধি (১) অনুযায়ী ঘোষণা প্রদানের সাত দিনের মধ্যে মূল্য অনুমোদিত না হইলে নিবন্ধিত ব্যক্তি ঘোষণাপত্রে উল্লিখিত মূল্যের ভিত্তিতে কর প্রদান করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (২) অনুযায়ী অনুমোদিত মূল্য নিবন্ধিত ব্যক্তির নিকট গ্রহণযোগ্য না হইলে তিনি বিভাগীয় কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল করিতে পারিবেন এবং আপীল নিষ্পত্তির পূর্বে সরবরাহকৃত পণ্যের ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনুমোদিত মূল্যের ভিত্তিতেই কর প্রদান করিতে হইবে।

(৬) নিবন্ধিত ব্যক্তিকে প্রতি ছয় মাস অন্তর অন্তর কর নিরূপণের জন্য তৎকর্তৃক সরবরাহযোগ্য পণ্যের ক্ষেত্রে মূল্য ঘোষণাপত্র (মূল্য পরিবর্তিত হউক বা না হউক) বিভাগীয় কর্মকর্তার অনুমোদনের জন্য পেশ করিতে হইবে।

(৭) উপ-বিধি (১) অনুযায়ী পেশকৃত বা উপ-বিধি (২) অনুযায়ী অনুমোদিত মূল্য ঘোষণাপত্রে কোন পরিবর্তন সাধনের প্রয়োজন হইলে নিবন্ধিত ব্যক্তি একটি নূতন ঘোষণাপত্র বা পেশকৃত বা অনুমোদিত ঘোষণাপত্রের সংশোধনী, যাহাই প্রযোজ্য হউক না কেন, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পেশ করিবেন।

(৮) উপ-বিধি (১) হইতে (৭) এ যাহা কিছুই থাকুক না কেন, কালেক্টর নিবন্ধিত ব্যক্তির আবেদনের প্রেক্ষিতে বা স্বতঃ প্রবৃত্ত হইয়া পণ্যের বাজার মূল্য উঠানামার কারণে বা অন্য কোন বিশেষ কারণে কোন পণ্য বা পণ্য শ্রেনীর ক্ষেত্রে কর নিরূপণের জন্য মূল্য স্থির করিতে পারিবেন।

(৯) সরবরাহযোগ্য পণ্যের ঘোষিত মূল্য তালিকা পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলের এইরূপ কোন স্থানে আঁটিয়া রাখিতে হইবে যাহাতে উহা সহজেই দৃষ্টিগোচর হয়।

৪। **টার্নওভার কর প্রদান।**— (১) যে কোন করযোগ্য পণ্য সরবরাহকারীর বা করযোগ্য সেবা প্রদানকারীর বার্ষিক টার্নওভার দুইলক্ষ টাকার নিম্নে হইলে তাহাকে বার্ষিক টার্নওভারের উপর দুই শতাংশ হারে টার্নওভার কর প্রদান করিতে হইবে।

(২) অধ্যাদেশের ধারা ১৭ অনুযায়ী মূল্য সংযোজন কর প্রদানের জন্য স্বেচ্ছায় নিবন্ধিত কোন ব্যক্তির ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবেনা।

(৩) উপ-বিধি (১) অনুযায়ী টার্নওভার কর প্রদানে বাধ্য কোন ব্যক্তি স্বতঃ প্রবৃত্ত হইয়া অথবা যে কান মূল্য সংযোজন কর কর্মকর্তার লিখিত অনুরোধের প্রেক্ষিতে তালিকাভুক্ত হওয়ার জন্য ফর্ম "মূসক-২" এ আবেদন করিলে সুপারিনটেনডেন্ট, যথাযথ কার্যক্রম গ্রহণের পর উক্ত ব্যক্তিকে তালিকাভুক্ত করিবেন এবং তাহাকে এই মর্মে ফর্ম "মূসক-৩" এ একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন।

(৪) তালিকাভুক্ত যে কোন ব্যক্তিকে তালিকাভুক্তির তারিখ হইতেই টার্নওভার কর প্রদান করিতে হইবে।

(৫) টার্নওভার কর এককালীন বার্ষিক বা ত্রৈমাসিক ভিত্তিতে প্রদান করা যাইবেঃ

কোন ব্যক্তি এককালীন ভিত্তিতে টার্নওভার কর প্রদান করিতে চাহিলে তাহাকে তালিকাভুক্ত হওয়ার তিরিশ দিনের মধ্যে ট্রেজারীতে চার হাজার টাকা জমা প্রদান পূর্বক স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে ফর্ম "মূসক-৪" এ একটি দাখিলপত্র প্রদান করিতে হইবে;

কোন ব্যক্তি ত্রৈমাসিক ভিত্তিতে টার্নওভার কর প্রদান করিতে চাহিলে তাহাকে তাহার তালিকাভুক্ত হওয়ার তারিখ হইতে শুরু করিয়া প্রতি তিনমাস অতিক্রান্ত হওয়ার পনের দিনের মধ্যে সংশ্লিষ্ট তিন মাসের টার্নওভারের দুই শতাংশ পরিমান অর্থ ট্রেজারীতে জমা প্রদান পূর্বক স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে উপরোল্লিখিত দাখিলপত্র প্রদান করিতে হইবে।

(৬) যথাসময়ে টার্নওভার কর প্রদানে ব্যর্থ হইলে সুপারিনটেনডেন্ট তালিকাভুক্ত ব্যক্তির উপর সর্বোচ্চ একহাজার টাকা অর্থদন্ডসহ অনাদায়ী পরিমাণের উপর মাসিক দুই শতাংশহারে অতিরিক্ত কর আরোপ করিতে পারিবেন।

(৭) কোন ব্যক্তির বার্ষিক টার্নওভারের সঠিক পরিমাণ নির্ধারণের জন্য বিভাগীয় কর্মকর্তা তাহার অধঃস্তন যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে যে কোন সময়ে উক্ত ব্যক্তির পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা সেবা প্রদানের স্থানে প্রবেশ করিয়া সংশ্লিষ্ট নথিপত্র পরীক্ষাসহ যথাযথ সমীক্ষা সম্পন্ন করার নির্দেশ প্রদান করিতে পারিবেন এবং উক্তরূপ নথিপত্র পরীক্ষা ও সমীক্ষার ভিত্তিতে বিভাগীয় কর্মকর্তা উক্ত ব্যক্তির টার্ণওভারের পরিমাণ নির্ধারণ করিতে পারিবেন।

(৮) তালিকাভুক্ত ব্যক্তি বিভাগীয় কর্মকর্তা বা সুপারিনটেনডেন্টের যে কোন আদেশ বা সিদ্ধান্তের বিরূদ্ধে কালেক্টর (আপীল) এর নিকট আপীল করিতে পারিবেন।

(৯) টার্নওভার কর সংশ্লিষ্ট যে কোন সরকারী পাওনা অধ্যাদেশের ধারা ৫৬ তে বর্ণিত পদ্ধতিতে আদায়যোগ্য হইবে।

(১০) ভুলবশতঃ বা অধিক পরিশোধিত টার্নওভার কর সংক্রান্ত যে কোন অর্থ প্রত্যর্পণের ক্ষেত্রে অধ্যাদেশের ধারা ৬৭ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৫। **মূল্য সংযোজন কর কর্মকর্তাকে ক্ষমতা প্রদান।**— বোর্ড অধ্যাদেশ বা বিধিদ্বারা প্রদত্ত যে কোন ক্ষমতা প্রয়োগের কর্তৃত্ব যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে প্রদান করিতে পারিবে।

৬। কালেক্টর কর্তৃক অন্যান্য কর্মকর্তাদের ক্ষমতা প্রয়োগ।— কালেক্টর এই বিধিমালার আওতায় যে কোন কর্মকর্তার উপর আরোপিত সকল বা যে কোন দায়িত্ব বা কোন কর্মকর্তার উপর ন্যস্ত সকল বা যে কোন ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

৭। যানবাহন পরিদর্শন, তল্লাশী ও আটক।— (১) বোর্ডের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা কোন যানবাহনে মূল্য সংযোজন কর আরোপযোগ্য কোন পণ্য অধ্যাদেশ বা এই বিধিমালার কোন বিধান লংঘন করিয়া বহণকৃত হইয়াছে বলিয়া যুক্তিসঙ্গত কারণে বিশ্বাস করিলে উক্ত যানবাহনের পথরোধ করিয়া উহাতে বহণকৃত পণ্য পরীক্ষা করিতে পারিবেন এবং যানবাহনের চালক বা পণ্য সরবরাহকারীর প্রতিনিধিকে করযোগ্য পণ্য পরিবহণে আবশ্যক চালানপত্র প্রর্দশন করার নির্দেশ দান করিতে পারিবেন।

(২) করযোগ্য পণ্য পরিবহণকারী যানবাহনের চালক বা পণ্য সরবরাহকারীর প্রতিনিধি বৈধ চালানপত্র প্রদর্শন করিলে এবং কোন প্রকারে কর ফাঁকি সংঘটিত হয় নাই এই মর্মে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সন্তুষ্ট হইলে, তিনি পণ্য পরীক্ষার সময় ও স্থান উল্লেখসহ চালানপত্রের বিপরীত পৃষ্ঠায় তাহার তারিখযুক্ত স্বাক্ষর প্রদান করিবেন।

(৩) পণ্য পরীক্ষাকালে যদি প্রমাণিত হয় যে বৈধ চালানপত্র ব্যতিরেকে বা কোন প্রকারে কর ফাঁকি দানপূর্বক পণ্য পরিবহণ করা হইয়াছে তাহা হইলে উক্ত কর্মকর্তা করযোগ্য পণ্য পরিবহণকারী যানবাহনের চালক বা পণ্য সরবরাহকারীর প্রতিনিধিকে ফর্ম "মূসক-৫" এ প্রাপ্তি রশিদ প্রদানপূর্বক যানবাহনসহ উক্ত পণ্য আটক করিবেন।

৮। নমুনা সংগ্রহ।— করযোগ্য পণ্য সরবরাহকারী তৎকর্তৃক সরবরাহকৃত পণ্যের বা উক্তরূপ পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহৃত উপকরণের নমুনা যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে সরবরাহ করিতে বাধ্য থাকিবেন এবং উক্ত কর্মকর্তা যে উদ্দেশ্যে নমুনা সংগৃহীত হইয়াছিল উহা সম্পাদনের পর নমুনাটি পণ্যের মালিককে ফেরত প্রদান করিবেন।

৯। নিবন্ধন পদ্ধতি।— (১) কোন করযোগ্য পণ্যের সরবরাহকারীর বা করযোগ্য সেবা প্রদানকারীর বার্ষিক টার্নওভার অন্যূন দুই লক্ষ টাকা হইলে তাহাকে ফর্ম "মূসক-৬" এ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে নিবন্ধনের আবেদনপত্র পেশ করিতে হইবে।

(২) অধ্যাদেশের ধারা ১৬ অনুযায়ী নিবন্ধনের বাধ্যবাধকতা হইতে অব্যাহতিপ্রাপ্ত কোন ব্যক্তির করযোগ্য পণ্য সরবরাহ বা করযোগ্য সেবাপ্রদান বাবদ টার্নওভার অব্যাহতিপ্রাপ্ত হিসাবে গণ্য হওয়ার পরবর্তীতে যে কোন বিরতিহীন বারো মাস সময়ে অন্যূন দুই লক্ষ টাকা হইলে তাহাকে উক্ত সময়ের মেয়াদ অতিক্রান্ত হওয়ার তিরিশ দিনের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে নিবন্ধনের আবেদনপত্র পেশ করিতে হইবে।

(৩) করযোগ্য পণ্য সরবরাহ বা করযোগ্য সেবা প্রদানের ব্যবসায় শুরু করিতে চাহেন এমন কোন ব্যক্তি উক্ত ব্যবসায়ের বার্ষিক টার্নওভার অন্যূন দুই লক্ষ টাকা হইবে বলিয়া প্রাক্কলন করিলে তাহাকে ব্যবসায় শুরুর পূর্বেই স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে নিবন্ধনের আবেদনপত্র পেশ করিতে হইবে।

(৪) কোন করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা করযোগ্য সেবা প্রদানের স্থান হইতে একাধিক করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদানের ক্ষেত্রে একটি মাত্র নিবন্ধনের প্রয়োজন হইবে।

(৫) নিবন্ধনে দায়বদ্ধ ব্যক্তি নিবন্ধনের আবেদনপত্রের সহিত ফর্ম "মূসক-৭" এ করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহৃতব্য অঙ্গন, প্লান্ট, মূলধনী যন্ত্রপাতি ও ফিটিংস্ এবং উৎপাদিতব্য পণ্য ও উহার প্রধান উপকরণসমূহের বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রদান করিবেন।

(৬) কোন ব্যক্তি কোন পণ্য আমদানি বা রপ্তানি করিলে তাহাকে নিবন্ধনের জন্য উপ-বিধি (১) এ বর্ণিত আবেদনপত্র স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পেশ করিতে হইবে।

**১০। স্বেচ্ছা নিবন্ধন।**—অধ্যাদেশের ধারা ১৬ অনুযায়ী নিবন্ধন হইতে অব্যাহতিপ্রাপ্ত কোন ব্যক্তি স্বেচ্ছায় নিবন্ধিত হইতে চাহিলে যে করমেয়াদ হইতে তিনি নিবন্ধিত হইতে চাহেন উহা শুরু হওয়ার অন্যূন তিরিশ দিন পূর্বে তাহাকে নিবন্ধনের জন্য স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে আবেদনপত্র পেশ করিতে হইবে এবং স্বেচ্ছায় নিবন্ধিত কোন ব্যক্তি নিবন্ধিত হওয়ার তারিখের পরবর্তী কর মেয়াদের প্রথম দিন হইতে মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক প্রদানে দায়বদ্ধ হইবেন।

**১১। নিবন্ধনপত্র প্রদান।**— নিবন্ধনের আবেদনপত্র বিভাগীয় কর্মকর্তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হইলে তিনি আবেদনকারীকে ফর্ম "মূসক-৮" এ একটি নিবন্ধনপত্র প্রদান করিবেন।

**১২। ব্যবসায়ের স্থান বা পরিস্থিতির পরিবর্তন।**— কোন নিবন্ধিত ব্যক্তির ব্যবসায়ের স্থান বা পরিস্থিতির পরিবর্তন হইলে তাহাকে উক্ত পরিবর্তনের অন্যূন চৌদ্দ দিনের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে বা প্রযোজ্য ক্ষেত্রে, কার্যালয়সমূহে ফর্ম "মূসক-৯" এ একটি ঘোষণাপত্র দাখিল করিতে হইবে।

**১৩। নিবন্ধনপত্র প্রদর্শন।**— যে কোন নিবন্ধিত ব্যক্তি যে অঙ্গন হইতে পণ্য সরবরাহ করেন বা সেবা প্রদান করেন তিনি তাহার নিবন্ধনপত্র উক্ত অঙ্গনের এমন স্থানে বাঁধানো অবস্থায় সংরক্ষণ করিবেন যাহাতে উহা সহজেই দৃষ্টিগোচর হয়।

**১৪। কালেক্টর কর্তৃক নিবন্ধনপত্র পরিবর্তন বা সংশোধন।**— যে কোন সময়ে কালেক্টর যে কোন নিবন্ধিত ব্যক্তির নিবন্ধনপত্র প্রয়োজনীয় পরিবর্তন বা সংশোধনের নিমিত্ত, নিবন্ধনপত্রটি তাহার নিকট দাখিল করার জন্য সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তিকে নির্দেশ দিতে পারিবেন।

**১৫। নিবন্ধন বাতিলকরণ।**— (১) কোন নিবন্ধিত ব্যক্তি নিম্নবর্ণিত যে কোন পরিস্থিতিতে তাহার নিবন্ধন বাতিলকরণের নিমিত্ত ফর্ম "মূসক-১০" এ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে আবেদনপত্র পেশ করিতে পারিবেনঃ

(ক) করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা করযোগ্য সেবা প্রদান হইতে বিরত হওয়া;
(খ) করযোগ্য পণ্য বা সেবা অব্যাহতিপ্রাপ্ত পণ্য বা সেবা হিসাবে ঘোষিত হওয়া;
(গ) নিবন্ধিত হওয়ার পরবর্তীতে করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা সেবা প্রদানের ব্যবসায় শুরু করিতে ব্যর্থ হওয়া;
(ঘ) অধ্যাদেশের ধারা ১৭ অনুযায়ী স্বেচ্ছায় নিবন্ধিত ব্যক্তির বার্ষিক টার্নওভার বিরতিহীন দুই বৎসর দুই লক্ষ টাকার কম হওয়া;
(ঙ) কোন নিবন্ধিত ব্যক্তির বার্ষিক টার্নওভার দুই লক্ষ টাকার কম হওয়া।

(২) সুপারিনটেনডেন্ট কর্তৃক, প্রয়োজনীয় অনুসন্ধানের পর প্রদত্ত সুপারিশের ভিত্তিতে, বিভাগীয় কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আবেদনকারীর অধ্যাদেশের অধীনে

আর নিবন্ধিত থাকার বাধ্যবাধকতা নাই এবং তাহার কোন অনিষ্পন্ন দায় দায়িত্বও নাই তাহা হইলে তিনি উক্ত ব্যক্তির নিবন্ধন বাতিল করিতে পারিবেন।

**১৬। বাংলাদেশে প্রস্তুতকৃত বা উৎপাদিত করযোগ্য পণ্যের সরবরাহ বা রপ্তানির ক্ষেত্রে চালানপত্র প্রদান।**— (১) যে কোন নিবন্ধিত ব্যক্তিকে তৎকর্তৃক সরবরাহকৃত পণ্যের প্রতিটি অপসারণের ক্ষেত্রে ফর্ম "মূসক-১১"এ একটি চালানপত্র প্রদান করিতে হইবে এবং চালানপত্রের তিনটি অনুলিপি তৈরী করিতে হইবে, তম্মধ্যে মূল অনুলিপিটি পণ্যের গন্তব্যস্থল পর্যন্ত পণ্যের সহিত রাখিতে হইবে এবং পণ্যের ক্রেতা যদি নিবন্ধিত ব্যক্তি হন তাহা হইলে চালানপত্রের উক্ত অনুলিপিটি তিনি নিজ ব্যবসায় অঙ্গনে অন্যূন ছয় বৎসর সংরক্ষণ করিবেন এবং চালানপত্রের দ্বিতীয় অনুলিপিটি পণ্য অপসারণের দিনই স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পৌঁছাইতে হইবে এবং তৃতীয় অনুলিপিটি চালানপত্র পুস্তকে সংযুক্ত অবস্থায় পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলে অন্যূন ছয় বৎসর সংরক্ষণ করিতে হইবে।

(২) নিবন্ধিত সরবরাহকারী তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন স্থলের অভ্যন্তরে ভোগের জন্য সরবরাহ করিলে দিনের শেষে স্বনামে উপ-বিধি(১) এ বর্ণিত ফর্মে একটি সম্মিলিত চালানপত্র প্রদান করিবেন এবং এই চালানপত্রের মূল ও তৃতীয় অনুলিপি পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলে রাখিতে হইবে এবং দ্বিতীয় অনুলিপি চব্বিশ ঘন্টার মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা দিতে হইবে।

(৩) রপ্তানির ক্ষেত্রে চালানপত্র প্রদানের জন্য উপ-বিধি (১) এ বর্ণিত পদ্ধতির অনুরূপ পদ্ধতি অনুসৃত হইবে।

(৪) কোন ক্ষেত্রে চালানপত্র পূরণের বা প্রদানের পর বা চলতি হিসাবে প্রদেয় কর সমন্বিত করার পর চালানপত্রটি বাতিল করার প্রয়োজন হইলে নিবন্ধিত ব্যক্তি চব্বিশ ঘন্টার মধ্যে বিষয়টি সুপারিনটেনডেন্ট এর গোচরে আনিবেন এবং উক্ত নিবন্ধিত ব্যক্তি চালানপত্রটি বাতিল করিয়া ক্রেতার নামে ফর্ম "মূসক-১২" এ একটি ক্রেডিট নোট প্রদান করিবেন।

**১৭। সেবা প্রদান বা সেবা রপ্তানির ক্ষেত্রে চালানপত্র প্রদান।**— (১) সেবা প্রদান বা সেবা রপ্তানির ক্ষেত্রে বিধি ১৬ এর উপ-বিধি (১) এ বর্ণিত ফর্মে চালানপত্র প্রদান করিতে হইবে এবং চালানপত্রের দুইটি অনুলিপি তৈরী করিতে হইবে, তন্মধ্যে মূল অনুলিপিটি সেবার ক্রেতা বা গ্রাহককে প্রদান করিতে হইবে এবং সেবার ক্রেতা বা গ্রাহক যদি নিবন্ধিত ব্যক্তি হন তাহা হইলে উক্ত চালানপত্রের অনুলিপিটি তিনি নিজ ব্যবসায় অঙ্গনে অন্যূন ছয় বৎসর সংরক্ষণ করিবেন এবং চালানপত্রের দ্বিতীয় অনুলিপিটি চালানপত্র পুস্তকে সংযুক্ত অবস্থায় নিবন্ধিত ব্যক্তির সেবা প্রদানের স্থানে অন্যূন ছয় বৎসর সংরক্ষণ করিতে হইবে।

(২) নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সেবা প্রদানস্থলের অভ্যন্তরে ভোগের জন্য সেবা প্রদান করা হইলে এই ক্ষেত্রে চালানপত্র প্রদানের জন্য বিধি ১৬ এর উপ-বিধি (২) এ বর্ণিত পদ্ধতির অনুরূপ পদ্ধতি অনুসৃত হইবে।

**১৮। আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে চালানপত্র প্রদান।**— (১) নিবন্ধিত সরবরাহকারী উপকরণের সরাসরি আমদানিকারক হইলে, সংশ্লিষ্ট বিল অব এন্ট্রী, যাহাতে আমদানি পর্যায়ে প্রদত্ত মূল্য সংযোজন কর পৃথকভাবে প্রদর্শিত হইবে, রেয়াতের জন্য চালানপত্র বলিয়া গণ্য হইবে এবং আমদানিকৃত উপকরণ নিবন্ধিত সরবরাহকারী কর্তৃক বাণিজ্যিক আমদানিকারকের নিকট হইতে সরাসরি ক্রীত হইলে বাণিজ্যিক আমদানিকারক সংশ্লিষ্ট বিল অব এন্ট্রীর একটি চিত্রলিপিসহ ফর্ম "মূসক-১৩" এ একটি সহায়ক চালানপত্র প্রদান করিবেন।

(২) বাণিজ্যিক আমদানিকারককে তৎকর্তৃক আমদানিকৃত পণ্য বিক্রয়কালে সহায়ক চালানপত্রের দুইটি অনুলিপি তৈরী করিতে হইবে, তন্মধ্যে মূল অনুলিপিটি ক্রেতাকে প্রদান করিতে হইবে এবং দ্বিতীয় অনুলিপিটি আমদানিকারকের নিকট চালানপত্র পুস্তকে সংযুক্ত অবস্থায় অন্যূন ছয় বৎসর সংরক্ষণ করিতে হইবে।

**১৯। উপকরণ কর রেয়াত পদ্ধতি।**— (১) যে কোন নিবন্ধিত ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহ বা করযোগ্য সেবা প্রদান বাবদ তৎকর্তৃক প্রদেয় উৎপাদ করের বিপরীতে অধ্যাদেশের ধারা ৯ অনুযায়ী মূল্য সংযোজন কর এবং প্রযোজ্য ক্ষেত্রে, ধারা ১৩ অনুযায়ী মূল্য সংযোজন করসহ অন্যান্য কর ও শুল্ক রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

(২) যে নিবন্ধিত ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহ করেন কিন্তু করযোগ্য নহে এমন কোন পণ্য সরবরাহ করেন না তিনি তৎকর্তৃক ক্রীত উপকরণ পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলে প্রবেশের পর উহার উপর প্রদত্ত উপকরণ কর ফর্ম "মূসক-১৮" তে প্রদর্শিত চলতি হিসাবের "ট্রেজারী জমা ও রেয়াত" কলামে লিপিবদ্ধ করিয়া উৎপাদ করের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

(৩) যে নিবন্ধিত ব্যক্তি করযোগ্য ও করযোগ্য নহে এমন উভয় প্রকার পণ্য সরবরাহ করেন তিনি তৎকর্তৃক ক্রীত উপকরণ পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলে প্রবেশের পর উহার উপর প্রদত্ত উপকরণ কর চলতি হিসাবের "ট্রেজারী জমা ও রেয়াত" কলামে লিপিবদ্ধ করিয়া করযোগ্য পণ্য সরবরাহের উপর প্রদেয় উৎপাদ করের বিপরীতে উপকরণ কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট কর মেয়াদ সমাপ্তির পর তাহাকে মূল্য সংযোজন কর প্রদত্ত উপকরণের যে অংশ উক্ত কর মেয়াদে করযোগ্য নহে এমন পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে ব্যবহৃত হইয়াছে উহার অনুপাতে উপকরণ করের আনুপাতিক পরিমাণ অর্থ চলতি হিসাবের "প্রদেয়" কলামে লিপিবদ্ধ করিয়া প্রয়োজনীয় সমন্বয় সাধন করিয়া ফেরত প্রদান করিতে হইবে এবং উক্ত কর মেয়াদের দাখিলপত্রে উহা প্রদর্শন করিতে হইবে।

(৪) যে নিবন্ধিত ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহ করেন এবং এইরূপ কোন পণ্য রপ্তানি করেন যাহার প্রস্তুতকরণে বা উৎপাদনে মূল্য সংযোজন করসহ অন্যান্য শুল্ক ও কর প্রদত্ত উপকরণ ব্যবহৃত হইয়াছে, তিনি তৎকর্তৃক ক্রীত উপকরণ পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন স্থলে প্রবেশের পর উহার উপর প্রদত্ত মূল্য সংযোজন কর চলতি হিসাবের "ট্রেজারী জমা ও রেয়াত" কলামে লিপিবদ্ধ করিয়া করযোগ্য পণ্য সরবরাহের উপর প্রদেয় উৎপাদ করের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট কর মেয়াদ সমাপ্তির পর মোট উপকরণের যে অংশ রপ্তানি পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহৃত হইয়াছে উহার অনুপাতে অন্যান্য শুল্ক ও কর (আগাম আয়কর ব্যতীত) এর আনুপাতিক পরিমাণ অর্থ চলতি হিসাবের "ট্রেজারী জমা ও রেয়াত" কলামে লিপিবদ্ধ করিয়া রেয়াত গ্রহণ করা যাইবে এবং উহা উক্ত কর মেয়াদের দাখিলপত্রে প্রদর্শন করিতে হইবে।

(৫) যে নিবন্ধিত ব্যক্তি করযোগ্য সেবা প্রদান করেন তাহাকে যে কোন কর মেয়াদে উক্তরূপ সেবা প্রদানে ব্যবহৃত উপকরণের উপর প্রদত্ত উপকরণ কর উক্ত কর মেয়াদে প্রদেয় উৎপাদ করের বিপরীতে রেয়াত হিসাবে গ্রহণ করিয়া নীট পরিমাণ অর্থ ট্রেজারীতে জমা প্রদান করিতে হইবে এবং উক্ত কর মেয়াদের দাখিলপত্রে উহা প্রদর্শন করিতে হইবে এবং উক্ত নিবন্ধিত ব্যক্তি যদি এইরূপ কোন সেবা রপ্তানি করেন যাহাতে মূল্য সংযোজন কর এবং অন্যান্য শুল্ক ও কর প্রদত্ত উপকরণ ব্যবহৃত হইয়াছে তাহা হইলে তিনি মোট উপকরণের যে অংশ রপ্তানিকৃত সেবায় ব্যবহৃত হইয়াছে উহার অনুপাতে অন্যান্য শুল্ক ও কর (আগাম আয়কর ব্যতীত) এর আনুপাতিক পরিমাণ অর্থ করযোগ্য সেবা প্রদানের উপর প্রদেয় উৎপাদ করের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং তিনি উহা সংশ্লিষ্ট কর মেয়াদের দাখিলপত্রে প্রদর্শন করিবেন।

**২০। মূলধনী যন্ত্রপাতির ক্ষেত্রে উপকরণ কর রেয়াত গ্রহণ।**— (১) বাংলাদেশে করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা করযোগ্য সেবা প্রদান বা রপ্তানিতে নিয়োজিত যে কোন নিবন্ধিত ব্যক্তি আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতির ক্ষেত্রে ফর্ম "মূসক-১৪" এ মুচলেকা প্রদান করিয়া মূল্য সংযোজন কর প্রদান ব্যতিরেকে উক্ত যন্ত্রপাতি শুল্ক ষ্টেশন হইতে ছাড় করাইতে পারিবেন।

(২) মুচলেকা প্রদান পূর্বক যন্ত্রপাতি ছাড় করানোর দিন হইতে ছয় মাসের মধ্যে উক্তরূপ যন্ত্রপাতি নিবন্ধিত ব্যক্তির পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা সেবা প্রদানের স্থানে যথাযথভাবে স্থাপন করা হইয়াছে সুপারিনটেনডেন্ট এই মর্মে প্রত্যয়নপত্র প্রদান করিলে শুল্ক ষ্টেশনের কালেক্টর মুচলেকা বাতিলের নির্দেশ প্রদান করিবেন এবং করদাতা ছয় মাসের মধ্যে আমদানিকৃত যন্ত্রপাতি সম্পূর্ণভাবে স্থাপন করিতে ব্যর্থ হইলে কালেক্টর এর নিকট আবেদন পূর্বক এই সময় সীমা আরও তিন মাস বর্ধিত করাইতে পারিবেন।

(৩) কোন নিবন্ধিত ব্যক্তি বাংলাদেশে প্রস্তুতকৃত বা উৎপাদিত মূলধনী যন্ত্রপাতি ক্রয় করিলে, উক্ত যন্ত্রপাতি তাহার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা সেবা প্রদানের স্থানে স্থাপনের পরবর্তীতে প্রযোজ্য ক্ষেত্রে, চলতি হিসাবে ও দাখিলপত্রে প্রয়োজনীয় সমন্বয়ের মাধ্যমে উহার উপর প্রদত্ত মূল্য সংযোজন করের সমপরিমাণ রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (১) ও (৩) এ বর্ণিত মূলধনী যন্ত্রপাতি নিবন্ধিত ব্যক্তি, পরবর্তী চার বৎসর মেয়াদ অতিক্রান্ত হওয়ার পূর্বে অন্য কোন নিবন্ধিত ব্যক্তির নিকট বিক্রয় করিলে বিক্রেতাকে গৃহীত রেয়াত নিম্নবর্ণিত তফসিল অনুযায়ী সরকারী কোষাগারে ফেরত প্রদান বা চলতি হিসাবে বা দাখিলপত্রে সমন্বিত করিতে হইবে, যথাঃ-

প্রথম বৎসর ঃ গৃহীত মূল্য সংযোজন কর রেয়াতের একশত শতাংশ;
দ্বিতীয় বৎসরঃ গৃহীত মূল্য সংযোজন কর রেয়াতের পঁয়ষট্টি শতাংশ;
তৃতীয় বৎসরঃ গৃহীত মূল্য সংযোজন কর রেয়াতের পঁয়ত্রিশ শতাংশ;
চতুর্থ বৎসর ঃ গৃহীত মূল্য সংযোজন কর রেয়াতের পনের শতাংশ;

(৫) উপ-বিধি (১) বা (২) এ বর্ণিত মূলধনী যন্ত্রপাতি কোন নিবন্ধিত ব্যক্তি ক্রয় করিলে তিনি নিম্নবর্ণিত তফসিল অনুযায়ী মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করিতে পারিবেন, যথাঃ-

প্রথম বৎসরঃ মূল বিল অব এন্ট্রী বা কর চালানপত্রে উল্লিখিত মূল্য সংযোজন করের একশত শতাংশ;
দ্বিতীয় বৎসরঃ মূল বিল অব এন্ট্রী বা কর চালানপত্রে উল্লিখিত মূল্য সংযোজন করের পঁয়ষট্টি শতাংশ;
তৃতীয় বৎসরঃ মূল বিল অব এন্ট্রী বা কর চালানপত্রে উল্লিখিত মূল্য সংযোজন করের পঁয়ত্রিশ শতাংশ;
চতুর্থ বৎসরঃ মূল বিল অব এন্ট্রী বা কর চালানপত্রে উল্লিখিত মূল্য সংযোজন করের পনের শতাংশ।

(৬) কোন নিবন্ধিত ব্যক্তি তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য বা প্রদত্ত সেবার বার্ষিক মোট পরিমাণের অন্যূন সত্তর শতাংশ পরবর্তী চার বৎসর (বিরতিহীন) রপ্তানি করিবেন বলিয়া মুচলেকা প্রদান করিলে, তৎকর্তৃক আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি অধ্যাদেশের ধারা ১৩ অনুযায়ী আমদানি শুল্ক ও অন্যান্য সকল প্রকার শুল্ক ও কর (আগাম আয়কর ব্যতীত) প্রদান ব্যতিরেকে শুল্ক ষ্টেশন হইতে ছাড় করাইতে পারিবেন এবং এই ক্ষেত্রে উপ-বিধি (২) এর বিধান প্রযোজ্য হইবে।

(৭) উপ–বিধি (৬) এ বর্ণিত রপ্তানিকারক বাংলাদেশে প্রস্তুতকৃত বা উৎপাদিত মূলধনী যন্ত্রপাতি ক্রয় করিলে অধ্যাদেশের ধারা ১৩ অনুযায়ী উহার উপর প্রদত্ত সকল প্রকার শুল্ক ও কর উপ–বিধি (৩) এ বর্ণিত পদ্ধতিতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

(৮) উপ–বিধি (৬) এ বর্ণিত রপ্তানিকারক মূলধনী যন্ত্রপাতি আমদানির বা স্থানীয়ভাবে ক্রয়ের সময় হইতে পরবর্তী দুই বৎসর (বিরতিহীন) তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য বা প্রদত্ত সেবার যদি প্রযোজ্য হয়, বার্ষিক মোট উৎপাদনের অন্যূন সত্তুর শতাংশ রপ্তানি করিতে ব্যর্থ হইলে তাহাকে উপ–বিধি (৬) ও (৭) অনুযায়ী গৃহীত রেয়াত দুই বৎসর অতিক্রান্ত হওয়ার তিরিশ দিনের মধ্যে সরকারী কোষাগারে ফেরত প্রদান বা চলতি হিসাব বা দাখিলপত্রে সমন্বিত করিতে হইবে।

(৯) উপ–বিধি (৬) ও (৭) এর আওতায় সংগৃহীত মূলধনী যন্ত্রপাতি বিক্রয়ের ক্ষেত্রে উপ–বিধি (৪) ও (৫) এর বিধানবলী প্রযোজ্য হইবে।

**২১। অধ্যাদেশ প্রবর্তনকালে মজুদ উপকরণের উপর প্রদত্ত কর রেয়াত।**– (১) বাংলাদেশে মূল্য সংযোজন কর অধ্যাদেশ বলবৎ হওয়ার তারিখে নিবন্ধিত ব্যক্তির নিকট আবগারী শুল্ক বা বিক্রয় কর পরিশোধিত উপকরণের মজুদ থাকিলে অথবা মূল্য সংযোজন কর অধ্যাদেশ প্রবর্তনের পরবর্তী কোন তারিখে নূতনভাবে মূল্য সংযোজন করের আওতায় আনীত কোন পণ্য উৎপাদনে ব্যবহৃতব্য উপকরণের মজুদ থাকিলে তিনি, তাহার একমাসের গড় মজুদ উপকরণের মূল্যের বা প্রকৃত মজুদের মূল্যের, যাহাই কম হউক না কেন, আট শতাংশ পরিমাণ অর্থ উপকরণ কর রেয়াত হিসাবে গ্রহণ করিতে পারিবেন।

(২) মজুদ উপকরণের ক্ষেত্রে কর রেয়াত পাওয়ার অধিকারী নিবন্ধিত ব্যক্তিকে ফর্ম "মূসক–১৫" এ মজুদ উপকরণ সংক্রান্ত ঘোষণাপত্রের দুইটি অনুলিপি অধ্যাদেশ বলবৎ হওয়ার তারিখের বা অধ্যাদেশ প্রবর্তনের পরবর্তী যে কোন তারিখে নূতনভাবে মূল্য সংযোজন করের আওতার আনীত পণ্যের ক্ষেত্রে উক্ত তারিখের সাত দিনের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা দিতে হইবে এবং সুপারিনটেনডেন্ট প্রয়োজনীয় অনুসন্ধানপূর্বক ঘোষণাপত্রে উল্লিখিত মজুদের যথার্থতা যাচাই করিয়া বিভাগীয় কর্মকর্তার নিকট সুপারিশ করিবেন এবং নিবন্ধিত ব্যক্তিকে উক্ত ঘোষণাপত্রের একটি অনুলিপি প্রদান করিবেন এবং নিবন্ধিত ব্যক্তি উক্ত সুপারিশের ভিত্তিতে প্রাথমিকভাবে রেয়াতযোগ্য পরিমাণ অর্থ উৎপাদ করের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন।

(৩) বিভাগীয় কর্মকর্তা উপ–বিধি (২) এ বর্ণিত সুপারিশের ভিত্তিতে তাহার বিবেচনায় যথাযথ যাচাই ও পরীক্ষা নিরীক্ষার ভিত্তিতে রেয়াতের চূড়ান্ত পরিমাণ নির্ধারণ করিবেন এবং এই চূড়ান্ত পরিমাণের সহিত উপ–বিধি (২) অনুযায়ী সুপারিশকৃত পরিমাণের কোন তারতম্য হইলে চলতি হিসাবে ও দাখিল পত্রে প্রয়োজনীয় সমন্বয় সাধনের নির্দেশ দিবেন।

**২২। হিসাব রক্ষণ।**– (১) যে কোন নিবন্ধিত ব্যক্তিকে তাহার পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা সেবা প্রদানের স্থানে নিম্নবর্ণিত পুস্তক সমূহ, যাহাই প্রযোজ্য হয়, যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে, যথাঃ–

(ক) **বিক্রয় হিসাব রক্ষণ ও প্রদেয় কর নির্ণয় পুস্তক।**– এই পুস্তকে করযোগ্য ও অব্যাহতি প্রাপ্ত পণ্য সরবরাহ বা সেবা প্রদান বা উক্তরূপ পণ্য বা সেবা রপ্তানি সংশ্লিষ্ট তথ্যাবলী ফর্ম "মূসক–১৬" এ লিপিবদ্ধ করিতে হইবে;

(খ) **ক্রয় হিসাব রক্ষণ ও কর রেয়াত নির্ণয় পুস্তক।**– এই পুস্তকে করযোগ্য ও অব্যাহতি প্রাপ্ত পণ্য বা সেবা ক্রয় সংশ্লিষ্ট তথ্যাবলী ফর্ম "মূসক–১৭" এ লিপিবদ্ধ করিতে হইবে;

(গ) চালানপত্র পুস্তক।– ফর্ম "মূসক-১১" অনুযায়ী মুদ্রিত চালানপত্রসমূহ বাঁধানো অবস্থায় এমনভাবে সংরক্ষণ করিতে হইবে, যাহাতে ইহার কোন পাতা, না ছিড়িয়া,অপসারণ করা যায় না এবং চালানপত্র সমূহে ক্রমানুসারে সংখ্যা মুদ্রিত করিতে হইবে; এবং

(ঘ) চলতি হিসাব পুস্তক।– এই পুস্তকে ফর্ম "মূসক-১৮" অনুযায়ী লেন দেনের বর্ণনা, প্রদেয় উৎপাদ কর, ট্রেজারীতে জমা প্রদান ও রেয়াত যোগ্য উপকরণ কর এর পরিমাণ ও এতদ্‌সংশ্লিষ্ট তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে এবং ট্রেজারী চালানের মাধ্যমে ট্রেজারীতে সময় সময় এমন পরিমাণ অর্থ জমা প্রদান করিতে হইবে যাহাতে যে কোন সময় উক্ত জমাকৃত অর্থের এবং প্রদত্ত উপকরণ কর বাবদ প্রাপ্য রেয়াতের সমষ্টির দ্বারা প্রদেয় উৎপাদ কর পরিশোধ করা যায়।

(২) যে কোন নিবন্ধিত ব্যক্তিকে তৎকর্তৃক পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন বা সেবা প্রদানে ব্যবহৃত কাঁচামাল, সেবা, যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা তৎকর্তৃক পরিশোধিত কোন বিল বা ট্রেজারীতে জমাকৃত কোন অর্থের হিসাব বা প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য সংক্রান্ত হিসাব এমনভাবে সংরক্ষণ করিতে হইবে যাহাতে উহা সহজে নিরীক্ষা করা যায়।

২৩। কর পরিশোধ।– (১) যে কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক পণ্য সরবরাহের বা সেবা প্রদানের ক্ষেত্রে অধ্যাদেশের ধারা ৩ বা, প্রযোজ্য ক্ষেত্রে, ধারা ৩ ও ধারা ৭ অনুযায়ী প্রদেয় কর অথবা অন্য যে কোন সরকারী পাওনা, যথাক্রমে বিধি ২২ এ বর্ণিত চলতি হিসাবে সমন্বয় এবং বিধি ২৪ এর উপ-বিধি (৩) এ বর্ণিত দাখিলপত্র পেশ করার পূর্বে সংশ্লিষ্ট কর মেয়াদে প্রদেয় উৎপাদ কর বা অন্য যে কোন সরকারী পাওনা হইতে রেয়াতযোগ্য উপকরণ কর বাদ দিয়া নীট পরিমাণ অর্থ ট্রেজারীতে জমা প্রদানপূর্বক পরিশোধ করিতে হইবে।

(২) যে কোন পণ্যের চালান পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল হইতে অপসারণের পূর্বে নিবন্ধিত ব্যক্তি উহার ক্ষেত্রে প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করিবেন এবং পণ্য অপসারণকালে চলতি হিসাবে প্রয়োজনীয় সমন্বয় সাধনের মাধ্যমে কর পরিশোধ করিবেন এবং এই লক্ষ্যে তাহার চলতি হিসাবে পর্যাপ্ত জের থাকিতে হইবে।

২৪। দাখিলপত্র পেশকরণ।– (১) প্রত্যেক করযোগ্য পণ্য প্রস্তুতকারক বা উৎপাদক বা করযোগ্য সেবা প্রদানকারীকে প্রতিটি কর মেয়াদের জন্য ফর্ম "মূসক-১৯" এ দাখিলপত্রের দুইটি অনুলিপি কর মেয়াদ পরবর্তী মাসের বিশ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা দিতে হইবে।

(২) যে ব্যক্তি করযোগ্য পণ্য প্রস্তুত বা উৎপাদনপূর্বক সরবরাহ বা রপ্তানি করেন তাহাকে দাখিলপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি সংযুক্ত করিতে হইবে, যথাঃ–

(ক) যে ট্রেজারী চালানের মাধ্যমে চলতি হিসাবে জমা করার নিমিত্ত সরকারী ট্রেজারীতে অর্থ প্রদান করা হয় উহার মূল ও দ্বিতীয় অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে);
(খ) চলতি হিসাবের মূল অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে);
(গ) বিল অব এক্সপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে);
(ঘ) বিল অব লেডিং বা এয়ারওয়ে বিল (প্রযোজ্য ক্ষেত্রে) এবং
(ঙ) কালেক্টর কর্তৃক দাবীকৃত অন্য যে কোন দলিল।

(৩) যে ব্যক্তি করযোগ্য সেবা প্রদান বা রপ্তানি করেন তাহাকে দাখিলপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি প্রদান করিতে হইবে; যথাঃ–

(ক) সংশ্লিষ্ট করমেয়াদে প্রদেয় কর প্রদানের প্রমাণ স্বরূপ ট্রেজারী চালানের মূল ও দ্বিতীয় অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে);
(খ) বিল অব এক্সপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে);
(গ) বিল অব লেডিং বা এয়ারওয়ে বিল (প্রযোজ্য ক্ষেত্রে); এবং
(ঘ) কালেক্টর কর্তৃক দাবীকৃত অন্য যে কোন দলিল।

২৫। দাখিলপত্রের পরীক্ষা।—(১) বিধি ২৪ অনুযায়ী প্রদত্ত দাখিলপত্র যথাযথভাবে পূরণ করা হইয়াছে এবং প্রয়োজনীয় দলিলাদি উহার সহিত যথাযথভাবে সংযুক্ত করা হইয়াছে বলিয়া সুপারিনটেনডেন্ট সন্তুষ্ট হইলে তিনি দাখিলপত্রের দ্বিতীয় অনুলিপিতে, তাহার স্বাক্ষর ও দাপ্তরিক সীলমোহর প্রদানপূর্বক উহা নিবন্ধিত ব্যক্তিকে ফেরত দিবেন এবং মূল অনুলিপিটি কালেক্টর এর নিকট প্রেরণ করিবেন।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত দাখিলপত্রের ভিত্তিতে কালেক্টর সংশ্লিষ্ট কর মেয়াদে দাখিলপত্র প্রদানকারী যথাযথভাবে প্রদেয় উৎপাদ কর প্রদান এবং উপকরণ কর রেয়াত গ্রহণ করিয়াছেন কিনা তৎসম্পর্কে নিশ্চিত হওয়ার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৩) যদি কোন করযোগ্য পণ্য প্রস্তুতকারক বা উৎপাদক বা করযোগ্য সেবা প্রদানকারী তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য বা প্রদত্ত সেবা ১০০ শতাংশ রপ্তানি করেন অথবা আংশিকভাবে সরবরাহ বা প্রদান করেন, কিন্তু প্রতি কর মেয়াদে তৎকর্তৃক উপকরণের উপর প্রদত্ত রেয়াতযোগ্য করের পরিমাণ উৎপাদ করের প্রদেয় পরিমাণ অপেক্ষা অধিক হয় তাহা হইলে, উক্ত প্রস্তুতকারক বা উৎপাদক বা সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত দাখিলপত্রের মূল অনুলিপিটি কালেক্টর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, অতঃপর পরিদপ্তর বলিয়া উল্লিখিত, এ প্রেরণ করিবেন।

২৬। চূড়ান্ত দাখিলপত্র প্রদান।— বিধি ১৫ অনুযায়ী কোন নিবন্ধিত ব্যক্তি তাহার নিবন্ধন বাতিলের জন্য আবেদন করিলে বিভাগীয় কর্মকর্তা উক্ত আবেদনকারীর মূল্য সংযোজন কর বা সম্পূরক শুল্ক সম্পর্কিত কোন অনিষ্পন্ন দায়দায়িত্ব থাকিলে উহা নির্ধারণ পূর্বক আবেদনকারীকে চৌদ্দ দিনের মধ্যে একটি চূড়ান্ত দাখিলপত্র প্রদানের নির্দেশ দিবেন।

২৭। রপ্তানি পদ্ধতি।— (১) রপ্তানিতব্য পণ্যকে যে মোড়কে মোড়কজাত করা হয় উহার প্রতিটির উপর অমোচনীয় কালিতে বৎসরওয়ারী একটি ক্রমিক সংখ্যা এবং রপ্তানিকারকের নাম ও অন্য কোন মার্কা থাকিলে উহা উল্লেখ করিতে হইবে এবং প্রতিটি মোড়কের উপর অমোচনীয় কালিতে "রপ্তানির জন্য" চিহ্নও প্রদান করিতে হইবে।

(২) যদি কোন রপ্তানিকারক তৎকর্তৃক রপ্তানিতব্য পণ্যের পরীক্ষা পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদন স্থল বা অন্য কোন অনুমোদিত স্থানে সম্পন্ন করাইতে চাহেন তাহা হইলে তিনি এই মর্মে উক্ত রপ্তানিতব্য পণ্য রপ্তানি বন্দরে প্রেরণের জন্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা অন্য কোন অনুমোদিত স্থান হইতে অপসারণের অন্যূন চব্বিশ ঘন্টা পূর্বে ফর্ম "মূসক-২০" এ আবেদনপত্রের তিনটি অনুলিপি ও চালানপত্রের মূল ও দ্বিতীয় অনুলিপি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পেশ করিবেন এবং সুপারিনটেনডেন্ট কর্তৃক নির্দেশিত হইলে, পদমর্যাদায় পরিদর্শকের নিম্নে নহেন, তাহার অধীনস্থ এমন কোন কর্মকর্তা উপরি-উক্ত ভাবে অবহিত হওয়ার বারো ঘন্টার মধ্যে রপ্তানিকারকের পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল বা অন্য কোন অনুমোদিত স্থানে উপস্থিত হইয়া রপ্তানিতব্য পণ্য পরীক্ষা সম্পন্ন করিবেন এবং পরীক্ষার জন্য উপস্থাপিত পণ্য আবেদনপত্রে বর্ণিত পণ্যের সহিত সম্পূর্ণ সদৃশ বলিয়া সন্তুষ্ট হইলে উক্ত কর্মকর্তা প্রতিটি মোড়ক "মূল্য সংযোজন কর বিভাগ" চিহ্ন সম্বলিত সীলমোহর দ্বারা সীল করিবেন এবং তিনি আবেদনপত্রের মূল ও দ্বিতীয় অনুলিপি এবং চালানপত্রের মূল অনুলিপিতে "পরীক্ষা সম্পন্ন হইয়াছে" এই মর্মে উল্লেখ করিয়া সীল প্রদানপূর্বক উহা রপ্তানিকারকের নিকট ফেরত দিবেন

এবং আবেদনপত্রের তৃতীয় অনুলিপি ও চালানপত্রের দ্বিতীয় অনুলিপি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা প্রদান করিয়া পণ্য রপ্তানি বন্দরে প্রেরণের অনুমতি প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (২) অনুযায়ী কোন পণ্যের চালান রপ্তানি বন্দরে পৌঁছাইলে, শুল্ক কর্মকর্তা প্রয়োজনীয় পরিদর্শনের পর পণ্যের সীলমোহর যুক্ত মোড়ক অক্ষত দেখিলে রপ্তানির অনুমতি প্রদান করিবেন এবং আবেদনপত্রের মূল ও দ্বিতীয় অনুলিপি এবং চালানপত্রের মূল অনুলিপিতে "রপ্তানি সম্পন্ন হইয়াছে" এই মর্মে প্রত্যয়ন করিবেন।

(৪) সহকারী কালেক্টর ও তদূর্ধ পদমর্যাদার অধিকারী কোন কর্মকর্তা, প্রয়োজনবোধে, উপ-বিধি (২) অনুযায়ী পরীক্ষিত পণ্য রপ্তানি বন্দরে পুনরায় পরীক্ষার আদেশ দিতে পারিবেন।

(৫) কোন রপ্তানিকারক রপ্তানি পণ্যের পরীক্ষা রপ্তানি বন্দরে সম্পন্ন করাইতে চাহিলে তিনি রপ্তানিতব্য পণ্যচালানটি উপ-বিধি (১) মোতাবেক প্রস্তুত করিয়া উপ-বিধি (২) এ বর্ণিত আবেদনপত্রের তিনটি অনুলিপি ও চালানপত্রের মূল ও দ্বিতীয় অনুলিপি সহ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করিবেন এবং সুপারিনটেনডেন্ট এর নির্দেশক্রমে তাহার অধীনস্থ কোন কর্মকর্তা আবেদনপত্রের মূল ও দ্বিতীয় অনুলিপি ও চালানপত্রের মূল অনুলিপিতে "পরীক্ষা রপ্তানি বন্দরে সম্পন্ন হইবে" এই মর্মে উল্লেখ করিয়া তাহার স্বাক্ষর ও দাপ্তরিক সীল প্রদানপূর্বক উহা রপ্তানিকারকের নিকট ফেরত দিবেন এবং আবেদনপত্রের তৃতীয় অনুলিপি ও চালানপত্রের দ্বিতীয় অনুলিপি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে জমা প্রদান করিয়া পণ্য রপ্তানি বন্দরে প্রেরণের অনুমতি প্রদান করিবেন।

(৬) উপ-বিধি (৫) এ বর্ণিত রপ্তানিতব্য পণ্য রপ্তানি বন্দরে পৌঁছাইলে রপ্তানিকারক উহা পরীক্ষার জন্য আবেদনপত্রের মূল ও দ্বিতীয় অনুলিপি এবং চালানপত্রের মূল অনুলিপিসহ শুল্ক কর্মকর্তার সম্মুখে উপস্থাপন করিবেন এবং শুল্ক কর্মকর্তা পণ্যচালানটি যথাযথভাবে পরীক্ষার পর আবেদনপত্র ও চালানপত্রের বর্ণনা অনুযায়ী সঠিক পাইলে পণ্যচালানটি রপ্তানির অনুমতি প্রদান করিবেন এবং আবেদনপত্রের মূল ও দ্বিতীয় অনুলিপিতে "রপ্তানি সম্পন্ন হইয়াছে" এই মর্মে প্রত্যয়ন করিবেন।

(৭) উপ-বিধি (৩) ও (৬) অনুযায়ী রপ্তানি সম্পন্ন হওয়ার পর আবেদনপত্রের দ্বিতীয় অনুলিপিটি রপ্তানি বন্দরের শুল্ক ষ্টেশনে জমা রাখিতে হইবে এবং মূল অনুলিপিটি রপ্তানিকারককে ফেরত প্রদান করিতে হইবে।

(৮) ডাকযোগে পণ্য রপ্তানির ক্ষেত্রে রপ্তানি সম্পন্ন হওয়ার পর বৈদেশিক ডাকঘরের প্রধান ডাক কর্মকর্তা আবেদনপত্রের মূল ও দ্বিতীয় অনুলিপি এবং চালানপত্রের মূল অনুলিপিতে "রপ্তানি সম্পন্ন হইয়াছে" এই মর্মে প্রত্যয়ন করিয়া মূল অনুলিপিটি রপ্তানিকারকের নিকট ফেরত দিবেন এবং দ্বিতীয় অনুলিপিটি বৈদেশিক ডাকঘরের শুল্ক কর্মকর্তার নিকট হস্তান্তর করিবেন।

**২৮। রপ্তানির ক্ষেত্রে প্রত্যর্পণ।**— (১) যে কোন নিবন্ধিত রপ্তানিকারক তৎকর্তৃক রপ্তানিকৃত পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে বা রপ্তানিকৃত সেবায় ব্যবহৃত উপকরণের উপর প্রদত্ত কর প্রত্যর্পণ হিসাবে গ্রহণ করিতে চাহিলে তাহাকে পরিদপ্তর কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে একটি ব্যাংক একাউন্ট খুলিতে হইবে।

(২) রপ্তানি প্রত্যর্পণ গ্রহণে "প্রতিষ্ঠিত রপ্তানিকারক" এর সুবিধা ভোগ করিতে হইলে যে কোন রপ্তানিকারককে ফর্ম "মূসক-২১" এ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের মাধ্যমে পরিদপ্তরে আবেদন করিতে হইবে এবং উক্তরূপ আবেদনের সময় হইতে বারো মাস পূর্ব পর্যন্ত সময়কালে পরিদপ্তর সংশ্লিষ্ট রপ্তানিকারকের রপ্তানি কার্যক্রম সম্পর্কে সন্তুষ্ট হইলে তাহাকে একজন "প্রতিষ্ঠিত রপ্তানিকারক" হিসাবে তালিকাভুক্ত করিবে।

**২৯। দাখিলপত্রের ভিত্তিতে রপ্তানি প্রত্যর্পণ।**— (১) যে রপ্তানিকারক করযোগ্য পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে বা করযোগ্য সেবা প্রদানে নিয়োজিত এবং যাহার ক্ষেত্রে উৎপাদ কর প্রদানের বাধ্যবাধকতা রহিয়াছে কিন্তু প্রতিটি করমেয়াদে রপ্তানিবাবদ রেয়াতযোগ্য কর প্রদেয় উৎপাদ কর অপেক্ষা অধিক হয়, তিনি এবং যে রপ্তানিকারক তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত করযোগ্য পণ্য বা প্রদত্ত করযোগ্য সেবা একশত শতাংশ রপ্তানি করেন কিন্তু উক্তরূপ পণ্য বা সেবা দেশে সরবরাহ বা প্রদান করিলে উৎপাদ কর প্রদানে বাধ্য হইবেন তিনি দাখিলপত্রের ভিত্তিতে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে পারিবেন।

(২) রপ্তানি প্রত্যর্পণ প্রদানের নিমিত্ত কোন দাখিলপত্র কালেক্টর কর্তৃক পরিদপ্তরে প্রেরিত হইলে পরিদপ্তর দাখিলপত্রটিকে প্রত্যর্পণের আবেদনপত্র হিসাবে গণ্য করিবেন।

(৩) পরিদপ্তরের পরিচালক, অতঃপর পরিচালক বলিয়া উল্লিখিত, এর নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা দাখিলপত্রটি যথাযথ ভাবে পরীক্ষা করিবেন এবং রপ্তানিকৃত পণ্যের বা সেবার, প্রযোজ্য ক্ষেত্রে, স্বাভাবিক উপকরণ-উৎপাদ সম্পর্ক বা পূর্ব নির্ধারিত সহগ, যদি থাকে, বিবেচনায় রাখিয়া, এবং সংশ্লিষ্ট কর মেয়াদে নিবন্ধিত ব্যক্তি কর্তৃক পণ্য সরবরাহ বা সেবা প্রদান করা হইয়া থাকিলে, উহার ক্ষেত্রে প্রদেয় উৎপাদ করের বিপরীতে গৃহীত কর রেয়াতের পরিমাণ, রপ্তানির প্রমাণ সম্বলিত বিল অব এক্সপোর্ট ও বিল অব লেডিং এর অনুলিপি পর্যালোচনা করিয়া উক্তরূপ ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, তাহার সন্তুষ্টি সাপেক্ষে, তৎকর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ প্রত্যর্পণের জন্য পরিচালকের নিকট সুপারিশ করিবেন এবং উক্ত সুপারিশের ভিত্তিতে পরিচালক সুপারিশকৃত পরিমাণ অর্থ চেকের মাধ্যমে সংশ্লিষ্ট রপ্তানিকারকের ব্যাংক একাউন্টে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবেন এবং রেজিষ্ট্রিকৃত ডাকযোগে তাহার নিকট এই মর্মে একটি অবগতিপত্র প্রেরণ করিবেন এবং পরিচালক স্বতঃপ্রবৃত্ত হইয়া বা সংশ্লিষ্ট রপ্তানিকারকের আবেদনক্রমে দাখিলপত্রটি পুনঃ পরীক্ষার নির্দেশ দিতে পারিবেন।

(৪) "প্রতিষ্ঠিত রপ্তানিকারক" হিসাবে তালিকাভুক্ত রপ্তানিকারকের ক্ষেত্রে কালেক্টরের নিকট হইতে দাখিলপত্র প্রাপ্তির সাত দিনের মধ্যে প্রাথমিক নিরীক্ষার ভিত্তিতে নির্ণীত প্রত্যর্পণযোগ্য অর্থ পরিচালককে রপ্তানিকারকের ব্যাংক একাউন্টে জমা প্রদান করিতে হইবে এবং এই ক্ষেত্রে যে কোন করমেয়াদের প্রত্যর্পিত অর্থের পরিমাণ, উক্ত কর মেয়াদ পূর্ববর্তী বারো মাসের ভিত্তিতে নির্ণীত মাসিক গড় প্রত্যর্পণের পরিমাণের সহিত উহার বিশ শতাংশ পরিমাণ অর্থ যোগ করিলে মোট যে অংক নির্ণীত হয়, উহার অধিক হইবে না এবং প্রাথমিক নিরীক্ষার ভিত্তিতে নির্ণীত প্রত্যর্পণযোগ্য অর্থের পরিমাণে পরবর্তীতে কোনরূপ তারতম্য পরিলক্ষিত হইলে উহা পরবর্তী দাখিলপত্রের মাধ্যমে সমন্বিত করিতে হইবে।

(৫) "প্রতিষ্ঠিত রপ্তানিকারক" হিসাবে তালিকাভুক্ত নহেন, এমন রপ্তানিকারকের ক্ষেত্রে কালেক্টরের নিকট হইতে দাখিলপত্র প্রাপ্তির তিরিশ দিনের মধ্যে উপ-বিধি (৩) এ বর্ণিত পরীক্ষা সমাপণ পূর্বক প্রত্যর্পণযোগ্য অর্থ পরিদপ্তর কর্তৃক রপ্তানিকারকের ব্যাংক একাউন্টে জমা প্রদান করিতে হইবে।

**৩০। আবেদনপত্র দাখিল পূর্বক প্রত্যর্পণ গ্রহণ।**— (১) যে নিবন্ধিত ব্যক্তি—

(ক) বাণিজ্যিক ভিত্তিতে রপ্তানি করেন; বা

(খ) অব্যাহতি প্রাপ্ত পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনপূর্বক রপ্তানি করেন বা অব্যাহতি প্রাপ্ত সেবা রপ্তানি করেন কিন্তু কোন করযোগ্য পণ্য সরবরাহ করেন না বা করযোগ্য সেবা প্রদান করেন না; বা

(গ) যে ব্যক্তি অধ্যাদেশের ধারা ১৬ অনুযায়ী নিবন্ধন হইতে অব্যাহতি প্রাপ্ত

তাহাকে, রপ্তানিকৃত পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে বা রপ্তানিকৃত সেবায় ব্যবহৃত উপকরণের উপর প্রদত্ত কর প্রত্যর্পণ গ্রহণের জন্য রপ্তানি সম্পন্ন হওয়ার তিন মাসের মধ্যে রপ্তানির প্রমাণ স্বরূপ সংশ্লিষ্ট দলিলাদিসহ ফর্ম "মূসক ২২" এ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(২) কোন রপ্তানিকারক বোর্ড কর্তৃক ইতিপূর্বে মঞ্জুরীকৃত হারে সমহার ভিত্তিক প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাহাকে সংশ্লিষ্ট পণ্য বা সেবা প্রথমবার রপ্তানির পর উপ-বিধি (১) এ বর্ণিত আবেদনপত্রের সহিত, সম্ভাব্য ক্ষেত্রে, রপ্তানি বন্দরের শুল্ক কর্মকর্তা দ্বারা প্রমাণীকৃত নমুনাসহ ফর্ম "মূসক ২৩" এ প্রয়োজনীয় তথ্য সরবরাহ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) অনুযায়ী আবেদনপত্র প্রাপ্তির পর সুপারিনটেনডেন্ট আবেদনপত্রটি সঠিকভাবে পূরণকৃত হইয়াছে বলিয়া সন্তুষ্ট হইলে উহা পরিদপ্তরে প্রেরণের নিমিত্ত কালেক্টরের নিকট প্রেরণ করিবেন।

(৪) কালেক্টরের নিকট হইতে আবেদনপত্র প্রাপ্তির পর পরিচালক বিধি ২৯ এর উপ-বিধি (৪) বা, প্রযোজ্য ক্ষেত্রে, উপ-বিধি (৫) অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবেন এবং এই ক্ষেত্রে প্রাথমিক নিরীক্ষার ভিত্তিতে প্রত্যর্পিত পরিমাণে পরবর্তীতে কোন তারতম্য ঘটিলে সংশ্লিষ্ট রপ্তানিকারকের পরবর্তী প্রত্যর্পণ আবেদনপত্রের বিপরীতে সমন্বিত করিতে হইবে।

(৫) পরবর্তীতে একই সমহারের ভিত্তিতে প্রত্যর্পণ গ্রহণের ক্ষেত্রে উপ-বিধি (২) এ বর্ণিত নমুনা দাখিল ও তথ্য সরবরাহ করা আবশ্যক হইবেনা এবং প্রত্যর্পণ আবেদনকারী "প্রতিষ্ঠিত রপ্তানিকারক" হিসাবে তালিকাভুক্ত হইলে বিধি ২৯ এর উপ-বিধি (৪) এ বর্ণিত পদ্ধতিতে এবং উক্তরূপে তালিকাভুক্ত না হইলে কালেক্টরের নিকট হইতে আবেদনপত্র প্রাপ্তির পনের দিনের মধ্যে বিধি ২৯ এর উপ-বিধি (৩) এ বর্ণিত পরীক্ষা সমাপণপূর্বক প্রত্যর্পণযোগ্য অর্থ পরিদপ্তর কর্তৃক রপ্তানিকারকের ব্যাংক একাউন্টে জমা প্রদান করিতে হইবে।

(৬) কোন রপ্তানিকারক কোন রপ্তানিকৃত পণ্য বা সেবার ক্ষেত্রে চালান ভিত্তিতে প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাহাকে ফর্ম "মূসক-২৪" এ প্রত্যর্পণের হার বা পরিমাণ নির্ধারণের জন্য আবেদনপত্র দাখিল করিতে হইবে এবং এই আবেদনপত্রের সহিত উপ-বিধি (১) এ বর্ণিত পদ্ধতিতে প্রত্যর্পণের আবেদনপত্রও সংযুক্ত করিতে হইবে।

(৭) কালেক্টরের নিকট হইতে উপ-বিধি (৬) এ বর্ণিত আবেদনপত্র প্রাপ্তির পর পরিচালক প্রাথমিক পরীক্ষায় আবেদনপত্রটি যথাযথভাবে পূরণকৃত হইয়াছে বলিয়া সন্তুষ্ট হইলে আবেদনপত্র পরিদপ্তরে পৌঁছাইবার একুশ দিনের মধ্যে জরিপ কার্য সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৮) আবেদনপত্র পরীক্ষার সুবিধার্থে পরিচালক তাহার বিবেচনায় প্রয়োজনীয় দলিলাদি তলব করিতে পারিবেন এবং রপ্তানিকারক উক্তরূপ তলবের পনের দিন অথবা পরিচালক কর্তৃক বর্ধিত সময়ের মধ্যে তলবকৃত দলিলাদি দাখিল করিতে ব্যর্থ হইলে পরিচালক প্রত্যর্পণের আবেদন প্রত্যাখান করিতে পারিবেন।

(৯) উপ-বিধি (৮) এ বর্ণিত দলিলাদি প্রাপ্তির পনের দিনের মধ্যে পরিচালক সরেজমিনে জরিপ কার্য সম্পন্ন করিবেন।

(১০) উপ-বিধি (৭) বা (৯) এ বর্ণিত জরিপ কার্য সম্পন্ন হওয়ার সাত দিনের মধ্যে প্রত্যর্পণের হার বা পরিমাণ মঞ্জুরীর জন্য পরিচালক বোর্ডকে সুপারিশ করিবেন এবং পরিচালকের সুপারিশের ভিত্তিতে বোর্ড, দশ দিনের মধ্যে প্রত্যর্পণের হার বা পরিমাণ মঞ্জুর করিয়া আদেশ জারী করিবে এবং

উক্ত আদেশ জারীর সাত দিনের মধ্যে পরিদপ্তর প্রত্যর্পণযোগ্য অর্থ চেকের মাধ্যমে রপ্তানিকারকের ব্যাংক একাউন্ট জমা প্রদান করিবে এবং যে কোন রপ্তানিকারক, পরবর্তীতে এই উপ-বিধি অনুযায়ী মঞ্জুরীকৃত হারে প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে উক্ত হারকে এই ক্ষেত্রে সমহার হিসাবে গণ্য করিয়া উপ-বিধি (৫) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করা যাইবে।

(১১) সমহারভিত্তিক কর প্রত্যর্পণ নির্ধারণ অথবা পুনঃ নির্ধারণের উদ্দেশ্যে পরিদপ্তরের কর্মকর্তাবৃন্দ সংশ্লিষ্ট পণ্যের প্রস্তুতকরণে বা উৎপাদনে বা সেবা প্রদানে (যদি প্রযোজ্য হয়) নিয়োজিত প্রতিষ্ঠান জরিপ করিতে পারিবেন এবং উক্ত প্রতিষ্ঠান জরিপ কার্যে পরিদপ্তরের কর্মকর্তাগণকে সার্বিক সহযোগিতা প্রদানে বাধ্য থাকিবে।

(১২) যে ব্যক্তি স্বয়ং রপ্তানিযোগ্য পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে নিয়োজিত নহেন এবং কোন প্রকৃত প্রস্তুতকারক বা উৎপাদকের নিকট হইতে কোন পণ্য ক্রয়পূর্বক রপ্তানি করেন তাহার রপ্তানির ক্ষেত্রে প্রত্যর্পণ নির্ধারণের জন্য তাহাকে উপ-বিধি (২) বা, প্রযোজ্য ক্ষেত্রে, উপ-বিধি (৬) এ বর্ণিত তথ্যসমূহ রপ্তানিকৃত পণ্যের প্রকৃত প্রস্তুতকারক বা উৎপাদকের নিকট হইতে নিজ দায়িত্বে সংগ্রহ করিয়া স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়কে সরবরাহ করিতে হইবে এবং তাহাকে প্রত্যর্পণ সংশ্লিষ্ট কার্যাবলী সম্পাদনে পরিদপ্তরের জরিপ কর্মকর্তাগণকে প্রকৃত পণ্য প্রস্তুতকারক বা উৎপাদকের নিকট হইতে সহযোগিতা প্রদান নিশ্চিত করিতে হইবে।

**৩১। স্থানীয় বা আর্ন্তজাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রায় পণ্য সরবরাহ বা সেবা প্রদান।**— (১) কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে কোন পণ্য সরবরাহকৃত বা কোন সেবা প্রদত্ত হইলে উক্ত পণ্য বা সেবা অধ্যাদেশের ধারা ৩ এর উপ-ধারা (২) অনুযায়ী রপ্তানিকৃত বলিয়া গণ্য হইবে।

(২) যে নিবন্ধিত ব্যক্তির অধ্যাদেশের ধারা ৩৫ অনুযায়ী দাখিলপত্র প্রদানের বাধ্যবাধকতা রহিয়াছে তিনি তৎকর্তৃক স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মূদ্রার বিনিময়ে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাহার ক্ষেত্রে বিধি ২৯ এর সংশ্লিষ্ট বিধানাবলী প্রযোজ্য হইবে।

(৩) যে নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে উপ-বিধি (২) এ বর্ণিত বাধ্যবাধকতা প্রযোজ্য নহে তিনি তৎকর্তৃক স্থানীয় বা আর্ন্তজাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মূদ্রার বিনিময়ে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাহার ক্ষেত্রে বিধি ৩০ এর সংশ্লিষ্ট বিধানাবলী প্রযোজ্য হইবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) এ বর্ণিত ক্ষেত্রে যথাক্রমে দাখিলপত্র ও আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট দরপত্রের অনুলিপি, দরপত্র গ্রহণের প্রমাণপত্র, কার্য সম্পাদনের নির্দেশনামা এবং বৈদেশিক মূদ্রায় মূল্য প্রাপ্তির প্রমাণপত্র সংযুক্ত করিতে হইবে।

**৩২। অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে পণ্য সরবরাহ বা সেবা প্রদান।**— (১) কোন নিবন্ধিত ব্যক্তি অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মূদ্রার বিনিময়ে কোন প্রকৃত রপ্তানিকারককে কোন পণ্য সরবরাহ বা সেবা প্রদান (যদি প্রযোজ্য হয়) করিলে উক্ত পণ্য বা সেবাকে অধ্যাদেশের ধারা ৩ এর উপ-ধারা (২) অনুযায়ী রপ্তানিকৃত বলিয়া গণ্য করা হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে অধ্যাদেশের ধারা ৩৫ অনুযায়ী দাখিলপত্র প্রদানের বাধ্যবাধকতা প্রযোজ্য হইলে তৎকর্তৃক অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের বিপরীতে বৈদেশিক

মুদ্রায় কোন রপ্তানিকারককে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ বিধি ২৯ এর সংশ্লিষ্ট বিধানাবলী অনুযায়ী গ্রহণ করা যাইবে।

(৩) যে নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে উপ-বিধি (২) এ বর্ণিত বাধ্যবাধকতা প্রযোজ্য নহে তিনি তৎকর্তৃক অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাহার ক্ষেত্রে বিধি ৩০ এর সংশ্লিষ্ট বিধানাবলী প্রযোজ্য হইবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) এ বর্ণিত ক্ষেত্রে যথাক্রমে দাখিলপত্র ও আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট ব্যাংকের অনুমোদিত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ব্যাক টু ব্যাক ঋণপত্র, রপ্তানি ঋণপত্রের অনুলিপি ও বৈদেশিক মুদ্রায় মূল্য প্রাপ্তির প্রমাণপত্র সংযুক্ত করিতে হইবে।

(৫) এই বিধিতে বর্ণিত সুবিধাদি প্রাপ্তিকল্পে প্রকৃত রপ্তানিকারকের শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নিজস্ব বন্ড বা স্পেশাল বন্ড থাকিতে হইবে এবং ব্যাক টু ব্যাক ঋণপত্রের বিপরীতে বন্ড কর্মকর্তার তত্ত্বাবধানে সংগৃহীত পণ্যের বিবরণ তথায় রক্ষিত ওয়্যারহাউজ রেজিষ্টার এবং পাশ বহি (প্রযোজ্য ক্ষেত্রে) তে লিপিবদ্ধ করিতে হইবে এবং উক্ত বন্ড কর্মকর্তা কর্তৃক উক্তরূপ লিপিবদ্ধকৃত বিবরণী সমূহ প্রমাণীকৃত করাইতে হইবে।

(৬) প্রকৃত রপ্তানিকারক সংগৃহীত পণ্য দ্বারা প্রস্তুতকৃত পণ্যের সংরক্ষণ, রপ্তানি বা অন্য কোন প্রকারে নিষ্পত্তির বিবরণী সংশ্লিষ্ট পাশ বহি, রেজিষ্টার বা বোর্ড কর্তৃক নির্ধারিত অন্যান্য দলিলপত্রে লিপিবদ্ধ করিবেন এবং বন্ড কর্মকর্তা দ্বারা উহা প্রমাণীকৃত করাইবেন।

(৭) ব্যাক টু ব্যাক ঋণপত্রের মাধ্যমে সংগৃহীত পণ্য বা তদ্বারা প্রস্তুতকৃত পণ্য রপ্তানি করিতে ব্যর্থ হইলে রপ্তানিকারক উক্ত সংগৃহীত পণ্য বাবদ প্রত্যর্পিত কর রপ্তানি ঋণপত্রের তামাদি তারিখ অথবা Customs Act, 1969 (IV of 1969) এর Section 98 অনুযায়ী উক্ত পণ্য বন্ডে বা স্পেশাল বন্ডে সংগৃহীত হওয়ার তারিখ হইতে দুই বৎসর অতিক্রান্ত হওয়ার তারিখ, যাহাই পূর্বে হউক, এর মধ্যে ফেরত প্রদানে বাধ্য থাকিবেন।

৩৩। **ডাকযোগে রপ্তানির ক্ষেত্রে প্রত্যর্পণ।**— ডাকযোগে পণ্য রপ্তানিকারী কোন নিবন্ধিত ব্যক্তি রপ্তানিকৃত পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাহাকে ফর্ম "মূসক ২৫" এ প্রদত্ত তথ্যের ঘোষণাপত্রের দ্বিতীয় অনুলিপি বৈদেশিক ডাক ঘরে নিয়োজিত শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণীকরণপূর্বক দাখিলপত্র বা, প্রযোজ্য ক্ষেত্রে, প্রত্যর্পণ আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

৩৪। **বিদেশগামী কোন যানবাহনে বাংলাদেশের বাহিরে ভোগের জন্য সরবরাহকৃত খাদ্য ও অন্যান্য সামগ্রীর ক্ষেত্রে প্রত্যর্পণ।**— কোন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক কোন বিদেশগামী যানবাহনে বাংলাদেশের বাহিরে ভোগের জন্য সরবরাহকৃত খাদ্য ও অন্যান্য সামগ্রীকে রপ্তানিকৃত বলিয়া গণ্য করা হইবে এবং উক্ত নিবন্ধিত ব্যক্তি উক্তরূপে সরবরাহকৃত খাদ্য ও অন্যান্য সামগ্রীতে ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাহাকে সংশ্লিষ্ট যানবাহন কর্তৃপক্ষের সহিত স্বাক্ষরিত চুক্তির অনুলিপি, ক্রয় আদেশ ও বাংলাদেশের পতাকাবাহী জাহাজ ও উড়োজাহাজ ব্যতীত অন্যান্য সকল বিদেশগামী যানবাহনের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় মূল্যপ্রাপ্তির প্রমাণপত্র স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পেশকৃত দাখিলপত্র বা, প্রযোজ্য ক্ষেত্রে, প্রত্যর্পণের আবেদন পত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

৩৫। **বাজেয়াপ্তিকরণ ও অর্থদন্ড আরোপ।**— কোন নিবন্ধিত ব্যক্তি এই বিধিমালার যে কোন বিধান লংঘন করিলে, পঁচিশ হাজার টাকা অথবা সংশ্লিষ্ট পণ্য সরবরাহ বা সেবা প্রদানের উপর প্রদেয়

মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের দ্বিগুণ পরিমাণ, যাহাই অধিক হয়, অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং উক্ত লংঘন সম্পর্কিত পণ্য বা সেবা (প্রযোজ্য ক্ষেত্রে) সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হইবে।

**৩৬। বাজেয়াপ্তকৃত পণ্য সরকারের উপর বর্তাইবে।**— অধ্যাদেশ বা এই বিধিমালার অধীনে বাজেয়াপ্তকৃত পণ্য অবিলম্বে সরকারের উপর বর্তাইবে এবং উক্তরূপ বাজেয়াপ্তি আদেশ প্রদানকারী কর্মকর্তা বাজেয়াপ্তকৃত পণ্য গ্রহণ করিবেন এবং দখলে লইবেন।

**৩৭। বাজেয়াপ্তকৃত পণ্যের ব্যবস্থাপনা।**— যে পণ্য বাজেয়াপ্তকৃত হইয়াছে এবং যে পণ্যের ক্ষেত্রে বাজেয়াপ্তির পরিবর্তে জরিমানা প্রদানের সুযোগ উক্তরূপ বাজেয়াপ্তির তারিখ হইতে তিনমাসের মধ্যে গ্রহণ করা হয় নাই, সেই পণ্য প্রকাশ্য নিলাম বা দরপত্র গ্রহণের মাধ্যমে বিক্রয় বা বোর্ড কর্তৃক নির্দেশিত অন্য কোন পন্থায় কালেক্টর ব্যবস্থাপনা করিতে পারিবেন।

**৩৮। সম্পূরক নির্দেশ জারীর ক্ষমতা।**— এই বিধিমালা হইতে উদ্ভূত যে কোন বিষয়ে বোর্ড বা কালেক্টর সময় সময় নির্দেশনামা জারী করিতে পারিবেন।

**৩৯। কালেক্টর কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পণ্য অপসারণ।**— (১) কালেক্টর কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা নির্ধারিত নিম্নবর্ণিত সময়ের মধ্যে নিবন্ধিত ব্যক্তি পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল হইতে পণ্য অপসারণ করিতে পারিবেন, যথাঃ—

(ক) যে সকল পণ্য প্রস্তুতকারী বা উৎপাদনকারী প্রতিষ্ঠানে দৈনিক একটি শিফ্‌টে কাজ হয় তাহার ক্ষেত্রে দৈনিক মোট আট ঘন্টা; বা

(খ) যে সকল পণ্য প্রস্তুতকারী বা উৎপাদনকারী প্রতিষ্ঠানে দৈনিক একাধিক শিফ্‌টে কাজ হয় তাহার ক্ষেত্রে দৈনিক মোট বারো ঘন্টাঃ

শর্ত থাকে যে, কোন নিবন্ধিত ব্যক্তি উপ-বিধি (১) এ নির্ধারিত সময় ব্যতীত অন্য কোন সময়ে পণ্য অপসারণ করিতে চাহিলে তিনি উক্তরূপ অপসারণের সময়ের অন্ততঃ তিন ঘন্টা পূর্বে এই মর্মে সুপারিনটেনডেন্টকে অবহিত করিবেন।

(২) পণ্যের প্রকৃতি, অপসারণ প্রক্রিয়া ও অন্যান্য আনুষঙ্গিক বিষয় বিবেচনাকল্পে কালেক্টর, সমীচীন ও প্রয়োজনীয় মনে করিলে আদেশ দ্বারা, আদেশে উল্লিখিত শর্ত সাপেক্ষে নিবন্ধিত ব্যক্তিকে দিনের যে কোন সময়ে পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থল হইতে পণ্য অপসারণের অনুমতি প্রদান করিতে পারিবেন।

**৪০। অব্যবহৃত বা ব্যবহারের অনুপোযোগী উপকরণের নিষ্পত্তিকরণ।**—(১) কোন নিবন্ধিত ব্যক্তি তৎকর্তৃক ক্রীত মূল্য সংযোজন কর প্রদত্ত কোন উপকরণ পরবর্তীতে ব্যবহারের অনুপযোগী বলিয়া মনে করিলে তিনি উহার নিষ্পত্তিকল্পে ফর্ম "মূসক ২৬" এ এতদ্‌সংক্রান্ত একটি আবেদনপত্র স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পেশ করিবেন।

(২) উপ-বিধি (১) অনুযায়ী অবহিত হওয়ার সাত দিনের মধ্যে সুপারিনটেনডেন্ট সরেজমিনে তদন্ত অনুষ্ঠান পূর্বক উপ-বিধি (১) এ বর্ণিত উপকরণ নিবন্ধিত ব্যক্তির ব্যবহারের অনুপযোগী বলিয়া সন্তুষ্ট হইলে তিনি উহা সরবরাহ বা বিনষ্টকরণের মাধ্যমে নিষ্পত্তির সিদ্ধান্ত প্রদানের জন্য তাহার মতামতসহ আবেদনপত্রটি বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(৩) বিভাগীয় কর্মকর্তা তাহার সন্তুষ্টি সাপেক্ষে উপ-বিধি (১) এ বর্ণিত উপকরণ সরবরাহ বা বিনষ্টকরণের অনুমতি প্রদান করিবেন।

(৪) উপ-বিধি (৩) এ প্রদত্ত নির্দেশ অনুযায়ী সুপারিনটেনডেন্ট নিবন্ধিত ব্যক্তিকে তৎকর্তৃক উপ-বিধি (১) এ বর্ণিত উপকরণ বাবদ গৃহীত রেয়াত বাতিল করিয়া চলতি হিসাব ও পরবর্তী দাখিলপত্রে প্রয়োজনীয় সমন্বয় সাধনের নির্দেশ প্রদান করিবেন।

**৪১। দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের নিষ্পত্তিকরণ।**— (১) কোন নিবন্ধিত ব্যক্তি, তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য কোন দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত বা ধ্বংসপ্রাপ্ত হওয়ার বা অন্য কোন কারণে সরবরাহের অযোগ্য বলিয়া মনে করিলে তিনি উক্তরূপ সরবরাহের অযোগ্য পণ্যের নিষ্পত্তিকল্পে ফর্ম "মূসক ২৭" এ এতদ্‌সংক্রান্ত একটি আবেদনপত্র দুর্ঘটনা সংঘটিত হওয়ার চব্বিশ ঘন্টার মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পেশ করিবেন।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত আবেদনপত্র প্রাপ্তির তিন দিনের মধ্যে সুপারিনটেনডেন্ট, সরেজমিনে তদন্ত অনুষ্ঠান পূর্বক উপ-বিধি (১) এ বর্ণিত দুর্ঘটনায় ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত পণ্য মূল্য ও উহার ক্ষেত্রে প্রদেয় উৎপাদ করের পরিমাণ নির্ণয় করিয়া ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত পণ্য বিনষ্টকরণ বা অন্য কোনরূপে নিষ্পত্তির সিদ্ধান্ত প্রদানের জন্য তাহার মতামতসহ আবেদনপত্রটি বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(৩) উপ-বিধি (২) এ বর্ণিত পণ্য হ্রাসকৃত মূল্যে আংশিক বা সম্পূর্ণভাবে সরবরাহযোগ্য বিবেচিত হইলে সুপারিনটেনডেন্ট তাহার বিবেচনায় উক্তরূপ পণ্যের যথাযথ সরবরাহ মূল্য নির্ধারণপূর্বক বিভাগীয় কর্মকর্তার নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

(৪) বিভাগীয় কর্মকর্তা তাহার সন্তুষ্টি সাপেক্ষে উপ-বিধি (২) এ বর্ণিত পণ্য সরবরাহ বা বিনষ্টকরণের অনুমতি প্রদান করিবেন।

(৫) বিভাগীয় কর্মকর্তার নিকট হইতে যথাযথ নির্দেশ প্রাপ্তির পর, সুপারিনটেনডেন্ট—

(ক) সম্পূর্ণভাবে ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত পণ্যের ক্ষেত্রে, উক্ত পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহৃত উপকরণ বাবদ গৃহীত কর রেয়াত বাতিল করিয়া চলতি হিসাব ও পরবর্তী দাখিলপত্রে প্রয়োজনীয় সমন্বয়ের জন্য আবেদনকারীকে নির্দেশ প্রদান করিবেন; বা

(খ) দুর্ঘটনায় ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত পণ্যের ক্ষেত্রে, স্বাভাবিক মূল্য ও বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হ্রাসকৃত মূল্যের তারতম্যের ভিত্তিতে আনুপাতিক হারে উপকরণ কর রেয়াত বাতিল করিয়া চলতি হিসাবে ও পরবর্তী দাখিলপত্রে সমন্বয়ের নির্দেশ প্রদান করিবেন।

**৪২। এজেন্ট বা প্রতিনিধির কৃতকর্মের দায়দায়িত্ব নিবন্ধিত ব্যক্তি কর্তৃক গ্রহণ।**— কোন নিবন্ধিত ব্যক্তি অন্য কোন ব্যক্তিকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অধ্যাদেশ বা এই বিধিমালার অধীনে করণীয় কোন কার্য সম্পাদনের কর্তৃত্ব প্রদান করিলে উক্ত ব্যক্তির কৃতকর্মের দায়দায়িত্ব নিবন্ধিত ব্যক্তির উপরই বর্তাইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

মূসক—১

# মূল্য সংযোজন কর মূল্য ঘোষণাপত্র

[ বিধি ৩ দ্রষ্টব্য ]

| ঘোষণাপত্রের মেয়াদ | | | | | করদাতা সনাক্তকরণ সংখ্যা | | (স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় পূরণ করিবে)<br>১। দাখিলকৃত ঘোষণায় কোন আপত্তি নাই ⊓<br>২। নিম্নলিখিত বিষয়ে আপত্তি আছে ঃ |
|---|---|---|---|---|---|---|---|
| মাস | বৎসর | হইতে | মাস | বৎসর | | | |
| | | | | | এলাকা কোড | | |
| নামঃ | | | | | টেলিফোন নম্বর | | |
| ঠিকানাঃ | | | | | | | |

| ক্রমিক সংখ্যা | পণ্য বা সেবার নাম | বিক্রয়ের একক | বর্তমান মূল্য | প্রস্তাবিত মূল্য |
|---|---|---|---|---|
| | | | | |

| প্রযোজ্য ক্রমিক সংখ্যা | সুপারিশকৃত মূল্য | মন্তব্য |
|---|---|---|
| | | |

অপর পৃষ্ঠায় দেখুন

প্রথম অনুলিপি গৃহীত হইল এবং দ্বিতীয় অনুলিপি করদাতা/কর্তৃপক্ষকে ফেরত প্রদান করা হইল।

তারিখঃ সুপারিনটেনডেন্ট এর স্বাক্ষর

নামঃ

আমি ঘোষণা করিতেছি যে,এই মূল্য ঘোষণাপত্রে প্রদত্ত সকল তথ্যাদি সত্য ও সঠিক।

------------------------------

তারিখঃ করদাতা/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর

(ফর্মটি পূরণের জন্য নির্দেশিকা অপর পাতায় দেখুন)

## করদাতার জন্য নির্দেশাবলী

১। ঘোষণার মেয়াদ বলিতে যে মাসে তিনি ঘোষণা প্রদান করিতেছেন সেই মাস হইতে পরবর্তী ছয় মাসের মেয়াদ বুঝাইবে।
২। বিক্রয়ের এককের ঘরে উক্ত পণ্য পরিমাপের সর্বনিম্ন যে এককে তিনি বিক্রয় করিবেন তাহা লিখিতে হইবে এবং মূল্যের ঘরে উক্তরূপ একক সংশ্লিষ্ট মূল্য প্রদর্শন করিতে হইবে।
৩। ঘোষণাপত্রটি যদি উৎপাদনকারীর প্রথম ঘোষণাপত্র হয় তাহা হইলে বর্তমান মূল্যের ঘর খালি রাখিতে হইবে এবং উৎপাদনকারী যে মূল্যে পণ্য বাজারজাত করিতে চাহেন সেই মূল্য প্রস্তাবিত মূল্যের ঘরে লিখিতে হইবে।
৪। ঘোষণাপত্রটি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিলের সময় একটি প্রাপ্তি রশিদ প্রদান করা হইবে।

(বিভাগীয় কর্মকর্তার দপ্তর পূরণ করিবে)

১। দাখিলকৃত ঘোষণায় কোন আপত্তি নাই []
২। দাখিলকৃত ঘোষণায় আপত্তি থাকায় প্রয়োজনীয় পরীক্ষান্তেঃ

| প্রযোজ্য ক্রমিক | অনুমোদিত মূল্য | মন্তব্য | প্রযোজ্য ক্রমিক | অনুমোদিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৩। নিবন্ধনপত্র প্রদান করা হইল।

তারিখঃ (বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর)
নামঃ

(অফিসের ব্যবহারের জন্য)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জাতীয় রাজস্ব বোর্ড
## ঢাকা

মূসক—২

## টার্ণওভার কর তালিকাভুক্তির আবেদনপত্র
[ বিধি ৪ (৩) দ্রষ্টব্য ]

১। আবেদনকারীর নামঃ ..............................

২। প্রতিষ্ঠানের নামঃ ..............................

৩। সম্পূর্ণ ব্যবসায়িক ঠিকানাঃ ..............................

(টেলিফোন নম্বরসহ) ..............................

৪। আবেদনকারীর স্থায়ী ঠিকানাঃ ..............................

(টেলিফোন নম্বরসহ) ..............................

৫। বাৎসরিক করযোগ্য মোট বিক্রয়ঃ (প্রাক্কলিত) ..............................

৬। নির্বাচিত কর প্রদান পদ্ধতি
(ক) এককালীন বাৎসরিক (৪০০০ টাকা) □
(খ) ত্রৈমাসিক ভিত্তিতে দাখিলপত্রের মাধ্যমে □

তারিখঃ

..............
আবেদনকারীর স্বাক্ষর

(স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় পূরণ করিবে)

টার্ণওভার কর তালিকাভুক্তির সংখ্যাঃ .............................. কার্যক্রমের কোডঃ ..............

এলাকা কোডঃ .............................. ..............

মন্তব্যঃ

তালিকাভুক্তির তারিখঃ ..............

..............................
অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর

তারিখঃ

নামঃ ..............................

## করদাতার জন্য নির্দেশাবলীঃ

১। ৫নং সারিতে আবেদনকারী তালিকাভুক্ত হওয়ার সময় হইতে পরবর্তী এক বৎসর যে পরিমাণ বিক্রয় হইবে বলিয়া আশা করিতেছেন তাহা লিখিতে হইবে।

২। ৬নং সারিতে করদাতা এককালীন বাৎসরিক ভিত্তিতে কর প্রদান করিতে চাহিলে তাহাকে সারি ৬(ক) তে টিক চিহ্ন দিতে হইবে। করদাতা ত্রৈমাসিক ভিত্তিতে দাখিলপত্রের মাধ্যমে টার্ণওভার করদাতা হিসাবে তালিকাভুক্তি হইতে চাহিলে তবে তাহাকে সারি ৬(খ) তে টিক চিহ্ন দিতে হইবে।

(অফিসের ব্যবহারের জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাষ্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর সার্কেল
..................

মূসক-৩

তালিকাভুক্তির প্রত্যয়নপত্র
[ বিধি ৪ (৩) দ্রষ্টব্য ]

| | |
|---|---|
| প্রতিষ্ঠানের নামঃ | |
| প্রতিষ্ঠানের ঠিকানাঃ | |
| | টেলিফোন নম্বরঃ |

আপনাকে মূল্য সংযোজন কর অধ্যাদেশ, ১৯৯১(অধ্যাদেশ নং ২৬, ১৯৯১)এর ধারা ৮ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৪ অনুসারে ........... ইং তারিখ হইতে তালিকাভুক্ত করা হইল।

মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধান মোতাবেক করযোগ্য লেনদেনের জন্য আপনি আইন ও বিধি অনুযায়ী টার্ণওভার কর পরিশোধ করিবেন।

আপনি ত্রৈমাসিক ভিত্তিতে প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার ১৫ দিনের মধ্যে ট্রেজারীতে কর জমা প্রদান করিবেন এবং ২১ দিনের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিলপত্র জমা দিবেন অথবা আপনি এককালীন বাৎসরিক ৪০০০/০০ টাকা প্রতি বৎসর ........... ইং তারিখের পূর্বেই ট্রেজারীতে জমা প্রদান করিবেন।

আপনার টার্ণওভার কর তালিকাভুক্তির সংখ্যা, এলাকা কোড, এবং পণ্য বা সেবার কোড নিম্নরূপঃ

| | |
|---|---|
| টার্ণওভার কর তালিকাভুক্তি সংখ্যা | |
| এলাকা কোড | |
| কার্যক্রমের কোড | |

আপনি করযোগ্য সকল লেনদেনে ও কর কার্যালয়ের সহিত যোগাযোগে উপরি উল্লিখিত সংখ্যা বা কোড সমূহ ব্যবহার করিবেন।

এই তালিকাভুক্তি এবং সংশ্লিষ্ট কার্যক্রম সম্পর্কিত যে কোন ব্যাখ্যা/তথ্য এর প্রয়োজন হইলে আপনি অফিস চলাকালীন সময়ে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে যোগাযোগ করিতে পারিবেন।

................

তারিখঃ

সুপারিনটেনডেন্ট এর স্বাক্ষর

নামঃ .............

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জাতীয় রাজস্ব বোর্ড
## ঢাকা।

টার্ণওভার কর দাখিলপত্র
[বিধি ৪ (৫) দ্রষ্টব্য]

মূসক—৪

করদাতা পূরণ করিবেন

| দাখিলপত্রের মেয়াদ | | | | | করদাতার তালিকাভুক্তি সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|
| মাস | বৎসর | হইতে | মাস | বৎসর | এলাকা কোড | |
| | | | | | কার্যক্রম কোড | |
| নামঃ | | | | | টেলিফোন নম্বর | |
| ঠিকানাঃ | | | | | | |

| | | |
|---|---|---|
| ১। এককালীন নির্ধারিত অর্থ পরিশোধ | □ | অর্থের পরিমাণ ৪০০০ টাকা □ |
| ২। মেয়াদি দাখিলপত্র (ত্রৈমাসিক) প্রদান | □ | |
| ৩। কর মেয়াদে কোন বিক্রয় হয় নাই | □ | |

| |
|---|
| ৩। কর মেয়াদে মোট বিক্রয় |
| ৪। বিক্রয়ের ২% হিসাবে মোট প্রদেয় কর |
| ৫। অর্থদন্ড/অতিরিক্ত করের পরিমাণ |
| ৬। মোট পরিশোধ যোগ্য অর্থের পরিমাণ (৪+৫) |
| ৭। ট্রেজারীতে জমাকৃত অর্থের পরিমাণ |

| সংযোজনী | |
|---|---|
| ৮। ট্রেজারী চালান □ | ক্রমিক সংখ্যা |

আমি ঘোষণা করিতেছি যে এই দাখিল পত্রে প্রদত্ত সকল তথ্যাদি সঠিক ও সত্য।

তারিখঃ

---------------
করদাতার স্বাক্ষর

(স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের ব্যবহারের জন্য)

১। দাখিল পত্রের কোন বিষয়ে আপত্তি নাই □

২। দাখিল পত্রের নিম্নলিখিত বিষয়ে আপত্তি আছে

| ক্রমিক সংখ্যা | আপত্তি | পুণঃনির্ধারণ |
|---|---|---|
| | | |

৩। যথা সময়ে দাখিলপত্র দাখিল না করায় অর্থদন্ড/অতিরিক্ত কর ................ টাকা।

৪। পূর্ববর্তী তিনটি দাখিলপত্র পরীক্ষা করা হইল, চারটি দাখিলপত্রে মোট বিক্রয় ......... টাকা।

৫। পুণঃনির্ধারিত বিষয় সমূহ করদাতাকে জানান হইয়াছে। □

তারিখঃ

---------------
সুপারিনটেনডেন্ট এর স্বাক্ষর

নামঃ ...... ........

## করদাতার জন্য নির্দেশাবলীঃ

১। কর মেয়াদ বলিতে তালিকাভুক্তির মাস হইতে পরবর্তী তিন মাসের মেয়াদকে বুঝাইবে।

২। করদাতা তাহার নাম, ঠিকানা, তালিকাভুক্তির সংখ্যা, এলাকা কোড, কার্যক্রম কোড, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় কর্তৃক তাহাকে প্রদত্ত তালিকাভুক্তির প্রত্যয়ণ পত্রের ভিত্তিতে সঠিকভাবে পূরণ করিবেন।

৩। করদাতা এককালীন ভিত্তিতে নির্ধারিত অর্থ পরিশোধ করিলে (সারি–১) এ টিক চিহ্ন দিবেন।

৪। সারি ৩ হইতে ৭ পর্যন্ত করদাতা তাহার কর মেয়াদে করযোগ্য পণ্যের মোট বিক্রয়, মোট বিক্রয়ের উপর ২% হারে করের পরিমাণ লিপিবদ্ধ করিবেন।

৫। সংযোজনীতে (সারি – ৮) চালানের ক্রমিক সংখ্যা স্পষ্টাক্ষরে লিপিবদ্ধ করিবেন এবং চালান সংযোজনী হিসাবে দাখিল পত্রের সাথে দাখিল করিবেন।

### (অফিসের ব্যবহারের জন্য)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# জাতীয় রাজস্ব বোর্ড
# ঢাকা

মূসক—৫

## প্রাপ্তি রশিদ (আটকের ক্ষেত্রে)
[বিধি ৭(৩) দ্রষ্টব্য]

আমি ............... পদবী ............... সার্কেল ...............

বিভাগ ............... কালেক্টরেট ............... অন্য ...............

ইং তারিখ ............... সময় ............... স্থানে নিয়মিত টহল/বিশেষ টহল/কারখানা পরিদর্শন কালে

....... (প্রতিষ্ঠানের নাম) ............... ঠিকানা ...............

............... করদাতা সনাক্তকরণ সংখ্যা ............... এলাকা কোড ...............

প্রতিষ্ঠানের নিম্নলিখিত পণ্য চালানপত্র না থাকায়/চালানপত্র বহির্ভূত মালামাল থাকায়/দলিলপত্র প্রয়োজনীয় বিবেচনায়, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ/পরিবহণের সংখ্যা ............... চালক/প্রতিনিধি ...............

এর অধিকার হইতে আটক করিলাম।

| ক্রমিক সংখ্যা | দলিল বা পণ্যের নাম | পরিমাণ মোড়কের সংখ্যা সহ | আটকের কারণ |
|---|---|---|---|
| | | | |

করদাতা/পরিবহণকারীকে রশিদের একটি অনুলিপি প্রদান করা হইল/মালিকবিহীন অবস্থায় মালামাল আটক হওয়ার অনুলিপি প্রদান সম্ভব হইল না।

তারিখ ...............

...............
আটককারী কর্মকর্তার স্বাক্ষর

স্বাক্ষীর স্বাক্ষর ...............

নাম (স্পষ্টাক্ষরে) ...............

নামঃ ...............

মূল্য সংযোজন কর বিভাগ কর্তৃক পণ্য/দলিলপত্র আটকের রশিদের অনুলিপি বুঝিয়া পাইলাম।

...............

তারিখ ...............

করদাতা/পরিবহনকারীর স্বাক্ষর

স্বাক্ষীর স্বাক্ষর ...............

নাম (স্পষ্টাক্ষরে) ...............

নামঃ ...............

মূসক—৬

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
NATIONAL BOARD OF REVENUE

VAT REGISTRATION APPLICATION FORM

**[See Rule 9(1)]**

READ REGISTRATION GUIDELINES BEFORE FILLING UP APPLICATION

1. NAME OF THE FIRM :

2.A COMPLETE BUSINESS ADDRESS: TELEPHONE(S) :

TELEPHONE(S) : TLEEPHONE(S) :

3.A. ACTUAL VALUE (IN TK.): LAST 12 MONTHS

FROM TO

DOMESTIC SALES:

IMPORT:

EXPORT:

B: EXPECTED VALUE (IN TK.): NEXT 12 MONTHS

FROM TO

DOMESTIC SALES:

IMPORT :

EXPORT :

4. TYPE OF ORGANIZATION :

CORPORATE/GROUP/SINGLE

NAME OF CORPORATE/GROUP :

BUSINESS ADDRESS:

5. IMPORT/EXPORT ACTIVITY :

| | IMPORT | EXPORT |
|---|---|---|
| IRC/ERC. : | | |
| YEAR OF REGISTRATION : | | |

DATE

TAXPAYER'S SIGNATURE
NAME:

TO BE FILLED UP BY VAT OFFICE

VAT REGISTRATION NO :
LOCATION CODE :

NATURE OF ACTIVITY :
REMARKS :

EFFECTIVE DATE OF REGISTRATION :

APPLICATION CATEGORY
MANDATORY :
OPTIONAL :

ACTION TAKEN
APPROVED :
DISAPPROVED :

DATE

AUTHORIZED OFFICER'S SIGNATURE

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জাতীয় রাজস্ব বোর্ড
## ঢাকা

মূসক-৭

ব্যবসায় কার্যক্রমের অঙ্গন, প্লান্ট, যন্ত্রপাতি, ফিটিংসে, উৎপাদিতব্য পণ্য ও উপকরণের ঘোষণাপত্র
[ বিধি ৯ (৫) দ্রষ্টব্য ]

| | |
|---|---|
| নামঃ | (স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় পূরণ করিবে)<br>১। করদাতা সনাক্তকরণ সংখ্যাঃ |
| ঠিকানা (ব্যবসায়িক) ঃ | ২। এলাকা কোডঃ |
| স্থানীয় ঠিকানাঃ | ৩। কার্যক্রমের কোডঃ |

**উৎপাদিত পণ্য ও উপকরণের বর্ণনা**

| উৎপাদিত পণ্যের নাম | একক | উপকরণের নাম | প্রতি একক উৎপাদনে প্রয়োজনীয় পরিমাণ |
|---|---|---|---|
| | | | |

৪। মানচিত্রের সাথে প্রকৃত স্থাপনা মিলাইয়া (ক) সঠিক পাওয়া গেল ☐
(খ) সঠিক পাওয়া গেল না ☐

৫। পণ্য ও উপকরণের ক্ষেত্রে নিম্নরূপ পরিবর্তনের সুপারিশ করা হইল

| ক্রমিক সংখ্যা | আপত্তি | সুপারিশ |
|---|---|---|
| | | |

অপর পৃষ্ঠায় দেখুন ☐

তারিখঃ .......... ...................
সুপারিনটেনডেন্ট এর স্বাক্ষর

নামঃ

( সংযোজনী )

১। অংগনের বর্ণনা (মানচিত্র) ☐
২। প্লান্টের বর্ণনা (মানচিত্র) ☐
৩। যন্ত্রপাতির বর্ণনা (মানচিত্র) ☐
৪। যন্ত্রপাতি, প্লান্ট, ফিটিংস এর ক্যাটালগ ☐

আমি ঘোষণা করিতেছি যে, ঘোষণায় প্রদত্ত সকল তথ্যাদি সত্য ও সঠিক।

তারিখঃ (করদাতার স্বাক্ষর)

## করদাতার জন্য নির্দেশাবলী

১। উৎপাদিত পণ্যের বর্ণনা ও উপকরণের ক্ষেত্রে করদাতা যে সকল পণ্য উৎপাদন করিতে চাহেন তাহাদের নাম ও একক লিখিবেন এবং উপকরণের ঘরে উক্ত পণ্য সমূহ উৎপাদনে যে সমস্ত উপকরণ প্রয়োজন তাহাদের মধ্যে যেগুলি গুরুত্বপূর্ণ সেইগুলির নাম লিখিবেন এবং প্রতি একক উৎপাদনে যে সকল উপকরণের প্রয়োজন তাহার পরিমাণ লিপিবদ্ধ করিবেন।

২। করদাতা ঘোষণাপত্রের সহিত সংযোজনী হিসাবে প্রস্তুতকারীর বা উৎপাদনকারীর ক্ষেত্রে যন্ত্রপাতির অবস্থান এবং সেবা প্রদানকারীর ক্ষেত্রে অংগনের অভ্যন্তরের বিন্যাস প্রদর্শন পূর্বক মানচিত্র এবং যন্ত্রপাতি, প্লান্ট, ফিটিংস্ এর ক্যাটালগ দাখিল করিবেন

(বিভাগীয় কর্মকর্তার দপ্তর পূরণ করিবে)

১। দাখিলকৃত ঘোষণায় কোন আপত্তি না থাকায় ঘোষণাপত্র অনুমোদন করা হইল। ☐
২। দাখিলকৃত ঘোষণায় নিম্নলিখিত পরিবর্তন করা হইলঃ ☐

| ক্রমিক সংখ্যা | পরিবর্তন | মন্তব্য | ক্রমিক সংখ্যা | পরিবর্তন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৩। নিবন্ধনপত্র প্রদান করা হইল।

তারিখঃ (বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর)
নামঃ

( অফিসের ব্যবহারের জন্য)

মুসক-৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর কালেক্টরেট**

.........................

.....................

...............

মূল্য সংযোজন কর নিবন্ধন পত্র

(বিধি ১১ দ্রষ্টব্য)

নাম :

ঠিকানা :

ফোন নম্বর/টেলেক্স নম্বর :

আপনাকে মূল্য সংযোজন কর অধ্যাদেশ, ১৯৯১ (অধ্যাদেশ নং ২৬, ১৯৯১) এর অধীনে করদাতা হিসাবে....................তারিখ হইতে নিবন্ধিত করা হইয়াছে ।

কাজেই আপনাকে——

সকল করযোগ্য সরবরাহ বা সেবা প্রদানের ক্ষেত্রে মূল্য সংযোজন কর আদায় করিতে হইবে ;

চলতি হিসাবে সমন্বয় অথবা ট্রেজারী চালানের মাধ্যমে ট্রেজারী বা অনুমোদিত ব্যাংকে অর্থ জমা প্রদানের মাধ্যমে মূল্য সংযোজন কর পরিশোধ করিতে হইবে ; এবং

যে কোন মাস সম্পর্কিত মূল্য সংযোজন কর দাখিলপত্র সেই মাসের পরবর্তী মাসের বিশ তারিখের মধ্যে জমা প্রদান করিতে হইবে ।

আপনার করদাতা সনাক্তকরণ সংখ্যা এবং এলাকা কোড নিম্নে উল্লেখ করা হইল :

করদাতা সনাক্তকরণ সংখ্যা এলাকা কোড

এই সংখ্যাসমূহ আপনার দ্বারা প্রদত্ত সকল চালানপত্রে এবং মূল্য সংযোজন কর কার্যালয়ের সহিত আপনার সকল যোগাযোগ উল্লেখ করিতে হইবে ।

আপনি মূল্য সংযোজন কর অধ্যাদেশ, ১৯৯১ (অধ্যাদেশ নং ২৬, ১৯৯১) এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধানসমূহ যথাযথভাবে পরিপালন করিতে বাধ্য থাকিবেন ।

এতদ্ বিষয়ে কোন ব্যাখ্যা বা তথ্যের প্রয়োজন হইলে আপনি স্থানীয় মূল্য সংযোজন কর কার্য্যালয়ের সহিত অফিস চলাকালে যে কোন সময়ে যোগাযোগ করিতে পারিবেন ।

.................

তারিখ : ............... বিভাগীয় কর্মকর্তা

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জাতীয় রাজস্ব বোর্ড
## ঢাকা

মূসক-৯

## ব্যবসায়ের স্থান বা পরিস্থিতির পরিবর্তনের আবেদনপত্র
[ বিধি ১২ দ্রষ্টব্য ]

আবেদনের তারিখঃ
করদাতা সনাক্ত করণ সংখ্যা ..............................
কার্যক্রমের কোড ..............................
এলাকা কোড ..............................
নাম ..............................

বর্তমান ঠিকানা

নূতন ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে)

পরিবর্তন সম্পর্কিত তথ্য

| ক্রমিক সংখ্যা | ধরণ | প্রস্তাবিত | কারণ |
|---|---|---|---|
| | | | |

সংযোজনী
১। পরিবর্তিত স্থানের মানচিত্র ☐
২। পরিবর্তিত অঙ্গনের বর্ণনা ☐
৩। পরিবর্তিত যন্ত্রপাতি প্লান্টের বর্ণনা ☐
৪। প্রস্তাবিত যন্ত্রপাতি প্লান্টের ক্যাটালগ ☐
৫। মজুদ উপকরণ ও উৎপাদিত পণ্যের বিবরণ ☐

আমি ঘোষণা করিতেছি যে, আবেদনে প্রদত্ত সকল তথ্যাদি সত্য ও সঠিক

তারিখঃ করদাতার স্বাক্ষর

(বর্তমান স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় পূরণ করিবে)
১। দাখিলকৃত আবেদনে কোন আপত্তি নাই বিধায় আবেদন গ্রহণের সুপারিশ করা হইল ☐
২। নিম্নলিখিত বিষয়ে আপত্তি আছে ☐

| প্রযোজ্য ক্রমিক সংখ্যা | সুপারিশ |
|---|---|
| | |

অপর পাতায় দেখুন
৩। প্রস্তাবিত স্থানের এলাকা কোড ☐
৪। আবেদন পত্র প্রস্তাবিত স্থানের সংশ্লিষ্ট স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরিত হইল ☐

তারিখ .............. .............. সুপারিনটেনডেন্ট এর স্বাক্ষর

নাম

(স্থান পরিবর্তনের ক্ষেত্রে নূতন স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় পূরণ করিবে)

এলাকা কোড ..............
১। আবেদনপত্রটি প্রাপ্তির তারিখ
২। দাখিলকৃত মানচিত্রের সহিত প্রস্তাবিত স্থানের স্থাপনা মিলাইয়া সঠিক পাওয়া গেল ☐
৩। প্রস্তাবিত স্থান ও দাখিলকৃত ঘোষণায় নিম্নলিখিত বিষয়ে আপত্তি আছে ☐

| প্রযোজ্য ক্রমিক সংখ্যা | সুপারিশ |
|---|---|
| | |

অপর পাতায় দেখুন ☐

তারিখঃ .............. .............. সুপারিনটেনডেন্ট এর স্বাক্ষর

নাম

## করদাতার জন্য নির্দেশাবলী

১। করদাতা সনাক্তকরণ সংখ্যা, কার্যক্রমের কোড, এলাকা কোড, ঠিকানা নিবন্ধনপত্রে উল্লিখিত তথ্যের ভিত্তিতে সঠিক ভাবে লিখিতে হইবে।

২। করদাতা যেই বিষয়টি পরিবর্তন করিতে চাহেন উহা ক্রমিক সংখ্যা সহ ধরণ – কলামে লিখিতে হইবে এবং প্রস্তাবিত পরিবর্তন ও সংশ্লিষ্ট কারণ পরবর্তী কলামদ্বয়ে লিখিতে হইবে।

৩। আবেদনে উল্লিখিত সংযোজনী সমূহের যেগুলি করদাতার ক্ষেত্রে প্রযোজ্য সেইগুলি তিনি সংযুক্ত করিবেন। তবে তাহার ব্যবসায় অঙ্গনের ঠিকানা পরিবর্তিত হইলে তাহাকে নতুন অঙ্গনের মানচিত্র দাখিল করিতে হইবে।

৪। উল্লেখ্য যে, করদাতা যদি তাহার পরিস্থিতির (যথাঃ নাম, ঠিকানা (স্থান পরিবর্তন নয়) অঙ্গন, প্লান্ট, মেশিনারী, যন্ত্রপাতি, উৎপাদন প্রক্রিয়া বা উৎপাদিত পণ্যের ধরণের পরিবর্তন করিতে চাহেন তবে এই ধরণের পরিবর্তনের ১৪ দিনের মধ্যে কর কার্য্যালয়কে পরিবর্তিত বিষয়টি অবহিত করিবেন।

৫। ব্যবসায় অঙ্গনের ঠিকানা পরিবর্তন করিতে হইলে এবং উহার অবস্থান যদি ভিন্ন স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের অধিক্ষেত্রে হয় তাহ হইলে উভয় কার্যালয়কে এই পরিবর্তন সম্পর্কে অবহিত করিতে হইবে।

## (বিভাগীয় দপ্তর পূরণ করিবে)

১। দাখিলকৃত আবেদনে কোন আপত্তি না থাকায় অনুমোদিত হইল ☐

২। নিম্নলিখিত বিষয় সংশোধন পূর্বক আবেদনে অনুমোদিত হইলঃ ☐

| প্রযোজ্য ক্রমিক নং | পূণনির্ধারণ/মন্তব্য | প্রযোজ্য ক্রমিক নং | পূণনির্ধারণ/মন্তব্য | |
|---|---|---|---|---|
| | | | | ..................<br>বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর<br>নামঃ ..................<br>তারিখ ঃ .................. |

## (অফিসের ব্যবহারের জন্য)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# জাতীয় রাজস্ব বোর্ড
# ঢাকা

মূসক– ১০

## মূল্য সংযোজন কর নিবন্ধন বাতিলের আবেদনপত্র
[ বিধি ১৫ দ্রষ্টব্য ]

আবেদনের তারিখ

করদাতা সনাক্তকরণ সংখ্যা

এলাকা কোড

নামঃ

ঠিকানাঃ
টেলিফোন নংঃ

নিবন্ধন বাতিলের আবেদনের কারণ (টিক চিহ্ন দিন)

(ক) করযোগ্য কার্যকলাপ বন্ধ হইয়াছে □
(খ) অধ্যাদেশের ধারা ১৪ অনুযায়ী কার্যকলাপ অব্যাহতি প্রাপ্ত হইয়াছে □
(গ) ব্যবসায় শুরু করিবার পূর্বে নিবন্ধিত হইয়াছিলেন কিন্তু ব্যবসায় শুরু করিতে ব্যর্থ হইয়াছেন □
(ঘ) অব্যাহতি প্রাপ্ত হইয়াও স্বেচ্ছায় নিবন্ধিত হইয়াছিলেন এবং একটানা দুই বৎসর তাহার টার্ণওভার ২,০০,০০০ টাকা অতিক্রম করে নাই □
(ঙ) বার্ষিক টার্ণওভার দুই লক্ষ টাকার কম হওয়া □

আমি ঘোষণা করিতেছি যে, এই আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্যাদি সত্য ও সঠিক

............................................
করদাতা/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর
তারিখঃ

(স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পূরণের জন্য)

অন্য কোন মন্তব্য যদি থাকে ..........................
..................................................
..................................................

অপর পৃষ্ঠায় দেখুন □

তারিখঃ ..........................
সুপারিনটেনডেন্ট এর স্বাক্ষর
নাম ..........................

(স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় পূরণ করিবে)

১। দাখিলকৃত আবেদনপত্রে কোন আপত্তি না থাকায় নিবন্ধন বাতিলের সুপারিশ করা হইল □
২। আবেদনকারীর নিকট অনিষ্পন্ন কোন দায় দায়িত্ব নাই □ আছে □
পরিমাণ .................. □ ফেরত □ ..........
৩। নিরীক্ষার ফলাফলঃ

| মজুদ উপকরণ | পরিমাণ | মূল্য | বাতিল যোগ্য রেয়াত |
|---|---|---|---|
| | | | |

| মজুদ উৎপাদিত পণ্যের নাম | পরিমাণ | মূল্য | প্রদেয় কর |
|---|---|---|---|
| | | | |

## করদাতার জন্য নির্দেশাবলী

১। করদাতা তাহার সনাক্তকরণ সংখ্যা, এলাকা কোড, নাম, ও ঠিকানা তাহার নিবন্ধনপত্র অনুসারে সঠিক ভাবে পূরণ করিবেন।
২। নিবন্ধন বাতিলের আবেদনের কারণ এর অংশে যে কারণে করদাতা নিবন্ধন বাতিল করিতে চাহেন সেই বর্ণিত কারণের পার্শ্বে রক্ষিত ঘরে (√) চিহ্ন প্রদান করিবেন।

(বিভাগীয় কর্মকর্তার সঙ্গর পূরণ করিবে)

১। স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় কর্তৃক ১ম সুপারিশের ভিত্তিতে নিবন্ধন বাতিল করা হইল। □
২। নিরীক্ষা হিসাব অনুসারে আপনাকে ................. টাকা পরিশোধ করিতে নির্দেশ দেওয়া হইল। □
৩। নিরীক্ষা হিসাব অনুসারে আপনাকে ................. টাকা ফেরত প্রদানের অনুমতি দেওয়া হইল। □
৪। আপনি অধ্যাদেশের ধারা ৮ মোতাবেক টার্ণওভার কর পরিশোধ করিবেন। □
৫। .............. ইং তারিখের মধ্যে চূড়ান্ত মূল্য সংযোজন কর দাখিল পত্র জমা দিবেন। □
৬। আপনার আবেদন নিম্নোক্ত কারণে বাতিল করা হইলঃ ..........................................................
..........................................................................................................

..................
বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর

তারিখঃ ..............

নামঃ

## অফিসের ব্যবহারের জন্য

মূসক—১১

## চালানপত্র *
[বিধি ১৬ দ্রষ্টব্য]
ব্যবসায় প্রতিষ্ঠানের নাম
ঠিকানাঃ
করদাতা সনাক্তকরণ সংখ্যাঃ

ক্রেতার নাম :
ঠিকানা :
করদাতা সনাক্তকরণ সংখ্যা :
পণ্যের চূড়ান্ত গন্তব্য স্থল ** :
যানবাহনের প্রকৃতি এবং নম্বর :

চালানপত্রের ক্রমিক সংখ্যা :
চালানপত্র প্রদানের তারিখ :
চালানপত্র প্রদানের সময় :
পণ্য অপসারণের প্রকৃত তারিখ ও সময় :

| পণ্যের/সেবার ক্রমিক সংখ্যা | পণ্য/অর্পণ বা সেবাপ্রদানের তারিখ | পণ্য/সেবার পরিমাণ ও নাম | মোট মূল্য (মূল্য সংযোজন কর বাদে) | অন্যান্য করের পরিমাণ | মূল্য সংযোজন করের পরিমাণ | সকল প্রকার করসহ মূল্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

* সেবার ক্ষেত্রে ক্রেতার নাম, ঠিকানা ও করদাতা সনাক্তকরণ সংখ্যা শুধুমাত্র নিবন্ধিত ক্রেতাকে সেবাপ্রদান করা হইলেই উল্লেখ করিতে হইবে। পণ্যের চূড়ান্ত গন্তব্যস্থল যানবাহনের প্রকৃতি ও নম্বর, চালানপত্র প্রদানের সময় এবং পণ্য অপসারণের প্রকৃত তারিখ ও সময় সেবার ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

** পণ্যের চূড়ান্ত গন্তব্য স্থল ক্রেতার ঠিকানা হইতে পৃথক হইলেই শুধুমাত্র প্রযোজ্য হইবে।

..............
বিক্রেতার স্বাক্ষর

মূসক-১২

# প্রত্যর্পণকৃত পণ্যের ক্রেডিট নোট

[বিধি ১৬(৪) দ্রষ্টব্য]

ব্যবসায় প্রতিষ্ঠানের নাম

ঠিকানাঃ

করদাতা সনাক্তকরণ সংখ্যাঃ

ক্রেতার নাম :
ঠিকান :
করদাতা সনাক্তকরণ সংখ্যা :
যানবাহনের প্রকৃতি এবং নম্বর :

ক্রেডিট নোটের ক্রমিক সংখ্যা :
ক্রেডিট নোটের প্রদানের তারিখ :

| পণ্যের ক্রমিক সংখ্যা | পণ্য অর্পণের তারিখ | পণ্যের পরিমাণ ও নাম | মোট মূল্য (মূল্য সংযোজন কর বাদে) | অন্যান্য করের পরিমাণ | মূল্য সংযোজন করের পরিমাণ | সকল প্রকার করসহ মূল্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

পণ্য প্রত্যর্পণের কারণঃ

..................

বিক্রেতার স্বাক্ষর

মূসক–১৩

# সহায়ক চালানপত্র
[ বিধি ১৮ দ্রষ্টব্য ]

ক্রেতার নাম :
ঠিকানা :
নিবন্ধন সংখ্যা :

চালানপত্রের ক্রমিক সংখ্যা :
চালানপত্র প্রদানের তারিখ :

| পণ্যের ক্রমিক সংখ্যা | পণ্যঅর্পণের তারিখ | পণ্যের পরিমাণ ও নাম ১/ | মোট মূল্য (মূল্য সংযোজন কর বাদে) ২/ | অন্যান্য করের পরিমাণ ৩/ | মূল্য সংযোজন করের পরিমাণ ৪/ | সকল প্রকার করসহ মূল্য ৫/ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

১/ মোট আমদানিকৃত পণ্যের যে অংশ এই সহায়ক চালানপত্রের বিপরীতে বিক্রয় করা হইয়াছে তাহার পরিমাণ সংশ্লিষ্ট বিল অব এন্ট্রীতে উল্লেখিত নাম সহ উল্লেখ করিতে হইবে।
২/ সংশ্লিষ্ট বিল অব এন্ট্রীতে উল্লিখিত সি এন্ড এফ মূল্যের ভিত্তিতে আনুপাতিক হারে নির্ণীত মূল্য।
৩/ সংশ্লিষ্ট বিল অব এন্ট্রীতে মূল্য সংযোজন কর বাদে অন্যান্য করের আনুপাতিক পরিমাণ।
৪/ সংশ্লিষ্ট বিল অব এন্ট্রীতে উল্লিখিত মূল্য সংযোজন করের আনুপাতিক পরিমাণ।

.................

বিক্রেতার স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

মূসক–১৪

আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতির উপর প্রদেয় মূল্য সংযোজন করের জন্য মুচলেকা
[বিধি ২০ দ্রষ্টব্য]

| | | | |
